# জলসুরক্ষা

## দশম শ্রেণী







শাসন নির্ণয় ক্রমাঙ্ক : অভ্যাস-2116/(প্র.ক্র.43/16) এসডী-4 তারিখ 25.04.2016 অনুযায়ী স্থাপিত করা সমন্বয় সমিতির তারিখ 29.06.2021এর সভায় এই পাঠ্যপুস্তক সন 2021-22 এই শৈক্ষণিক বর্ষ থেকে নির্ধারিত করার জন্য মান্যতা দেওয়া হয়েছে ।

# জলসুরক্ষা

## দশম শ্রেণী



মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে ।

B6D7T2

আপনার স্মার্টফোনে DIKSHA APP দ্বারা পাঠ্যপুস্তকের প্রথম পৃষ্ঠার QR Code এর মাধ্যমে ডিজিটাল পাঠ্যপুস্তক এবং পাঠের সম্বন্ধে অধ্যয়ন-অধ্যাপনের জন্য উপযুক্ত দৃক-শ্রাব্য সাহিত্য উপলব্ধ হবে ।

First Edition : 2021
Reprint : 2022

© মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে 41004
এই বইয়ের সর্ব অধিকার মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডলের অধীনে সংরক্ষিত আছে। এই পাঠ্যপুস্তকের কোনো ভাগ সঞ্চালক, মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডলের লিখিত অনুমতি ছাড়া উদ্ধৃতি করা যাবে না।

**বিষয় সমিতি :**

**শ্রী চন্দ্রকান্ত দলবী, অধ্যক্ষ**
শ্রী পোপটরাও পওয়ার
শ্রী সুরেশ খানাপুরকর
ডা. দত্তা দেশকর
শ্রী উপেন্দ্র ধোণ্ডে
ডা. উমেশ মুন্ডল্যে
ডা. দি.মা.মোরে
ডা. ইরফান অজিজ ইনামদার
ডা. মঞ্জুষা মোরে
ডা. প্রাচী রাহুল চৌধরী
ডা. নন্দা অশোক হরম
শ্রী বিকাস গুনবন্তরাও জাধব
শ্রী রূপেশ দিনকর ঠাকুর
শ্রী শিতলকুমার সোপানরাও ভোঙ্গ
শ্রী রাজীব অরুণ পাটোলে, সদস্য-সচিব

**বিষয় অভ্যাস গট :**

শ্রী প্রমোদ বলীরাম জাধব
শ্রী সুধীর আপ্পয়া আমনগী
শ্রী দয়াশঙ্কর বিষ্ণু বৈদ্য
শ্রী দিলিপ বিষ্ণু ধনাবড়ে
শ্রী প্রশান্ত পণ্ডিতরাও কোলসে
শ্রী গজানন নাগোজীরাও মানকর
ডা. শেখ মোহম্মদ বাকিওদ্দীন এচ
শ্রী সিরাজ অন্বর মোহম্মদ মিরান
শ্রী সচিন শঙ্কর জাধব

**মুখ্য সংযোজক :**

**শ্রী রাজীব অরুণ পাটোলে**
**ডা. প্রবীণ সুভাষরাব মোহিতে**
প্র. বিশেষাধিকারী, শাস্ত্র,
পাঠ্যপুস্তক মণ্ডল, পুণে

**ভাষান্তর সংযোজক :**

**ডা. অলকা পোতদার**
বিশেষাধিকারী হিন্দী ভাষা পাঠ্যপুস্তক মণ্ডল, পুণে

**সহায়ক ভাষান্তর সংযোজক :**

**সৌ. সন্ধ্যা বিনয় উপাসনী**
সহায়ক বিশেষাধিকারী হিন্দী ভাষা পাঠ্যপুস্তক মণ্ডল, পুণে

**বাংলা ভাষান্তরকার :**

শ্রী মহাদেব শ্যামাপদ মল্লিক
শ্রীমতী বাসন্তী রথীন্দ্রনাথ দাসমণ্ডল

**সমীক্ষক :**

শ্রী বাবুরাম অমূল্য সেন
শ্রীমতী স্বপনা নিহার হালদার

**বিষয়তজ্ঞ :**

শ্রীমতী শিখারানী শ্রীনিবাস বারই
শ্রী বাসুদেব ইন্দুভূষণ হালদার

**মুখপৃষ্ঠ ও রূপায়ন :**

শ্রী বিবেকানন্দ শিবশংকর পাটিল

**অক্ষরাঙ্কন-ডিঝাইনিং :**

**সমর্থ গ্রাফিক্স**, 522 নারায়ণ পেঠ, পুণে 30

কাগজ : 70 জী.এস.এম.ক্রিমবোভ
মুদ্রণাদেশ :
মুদ্রক :

নির্মিতি : **শ্রী সচ্চিতানন্দ আফড়ে,** মুখ্য নির্মিতি অধিকারী
**শ্রী সচিন মেহতা,** নির্মিতি অধিকারী
**শ্রী নিতিন বাণী,** সহায়ক নির্মিতি অধিকারী

**প্রকাশক**
**বিবেক উত্তম গোসাবী**
**নিয়ন্ত্রক**
পাঠ্যপুস্তক নির্মিতি মণ্ডল, প্রভাদেবী, মুম্বাই 25

DISCLAIMER Note : All attempts have been made to contact copy righters © but we have not heard from them. We will be pleased to acknowledge the copy right holder (s) in our next edition if we learn from them.

# ভারতের সংবিধান

## উদ্দেশিকা

''আমরা, ভারতের জনগণ, ভারতকে সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র রূপে গড়ে তুলতে এবং তার সকল নাগরিকই যাতে

সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়,

বিচার, মতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম

এবং উপাসনার স্বাধীনতা,

সামাজিক প্রতিষ্ঠা অর্জন

ও সুযোগের সমতা প্রতিষ্ঠা

এবং তাদের সকলের মধ্যে

ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য

ও সংহতি সুনিশ্চিতকরণের মাধ্যমে

তাদের মধ্যে যাতে ভ্রাতৃত্বের ভাব

গড়ে ওঠে তার জন্য

সত্যনিষ্ঠার সঙ্গে শপথ গ্রহণ করে আমাদের গণপরিষদে, আজ ১৯৪৯, সালের ২৬ শে নভেম্বর, (তিথি মাঘ শুক্ল সপ্তমী, সম্বত দুই হাজার ছয় বিক্রমী) এতদ্দ্বারা এই সংবিধান গ্রহণ, বিধিবদ্ধ এবং নিজেদের অর্পণ করছি।''

## রাষ্ট্রগীত

জনগণমন-অধিনায়ক জয় হে
ভারত-ভাগ্যবিধাতা।
পাঞ্জাব সিন্ধু গুজরাত মরাঠা
দ্রাবিড় উৎকল বঙ্গ,
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা
উচ্ছল জলধিতরঙ্গ
তব শুভ নামে জাগে, তব শুভ আশিষ মাগে,
গাহে তব জয়গাথা।
জনগণ মঙ্গলদায়ক জয় হে,
ভারত-ভাগ্যবিধাতা।
জয় হে, জয় হে, জয় হে,
জয় জয় জয় জয় হে।।

## প্রতিজ্ঞা

ভারত আমার দেশ । সমস্ত ভারতবাসী আমার ভাই-বোন।

আমি আমার দেশকে ভালবাসি আমার দেশের সমৃদ্ধি এবং বিবিধতায় বিভূষিত পরম্পরার উপর আমার গর্ব।

ওই পরম্পরার সফলতা অনুসারে চলার জন্য আমি সর্বদা ক্ষমতা অর্জন করতে চেষ্টা করবো।

আমি আমার মা-বাবা, গুরুজন এবং বড়দের প্রতি সম্মান ও সৌজন্যপূর্ণ ব্যবহার করবো।

আমি প্রতিজ্ঞা করছি যে, আমি আমার দেশ ও দেশবাসীর প্রতি নিষ্ঠাবান থাকবো। তাদের কল্যাণ এবং সমৃদ্ধিতেই আমার সুখ নিহিত।

# প্রস্তাবনা

স্নেহের শিক্ষার্থী বন্ধুগণ,

তোমাদের সবাইকে দশম শ্রেণীতে আন্তরিক স্বাগত জানাই। রাষ্ট্রীয় পাঠ্যক্রম প্রারূপ (আরাখড়া) 2005, রাজ্য অভ্যাসক্রম আরাখড়া 2010 রাজ্য মাধ্যমিক শিক্ষণ অভ্যাসক্রম 2012 এবং পুনর্রচিত মাধ্যমিক শিক্ষণ অভ্যাসক্রম 2016 অনুসারে তোমরা বিভিন্ন বিষয়ের অধ্যয়ন করছো। মাধ্যমিক শিক্ষণ পুনর্রচিত অভ্যাসক্রমানুসার শাসন নির্ণয় ক্র. সংকীর্ণ 2019/ প্র.ক্র.(243/19) এস.ডী.4 তারিখ ৪ই আগষ্ট 2019 অনুসারে মাধ্যমিক শিক্ষণ স্তরের জন্য জলসুরক্ষা এটি অনিবার্য শ্রেণী বিষয় সন 2020-21 এই শৈক্ষণিক বছরে নির্ধারিত করা হয়েছে। 'মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, বালভারতী', পুণের পক্ষ থেকে প্রথমবার দশম শ্রেণীর 'বাংলা জলসুরক্ষা' পুস্তক নির্মিত করা হয়েছে। জলসুরক্ষা পাঠ্যপুস্তকটি তোমাদের হাতে তুলে দিতে পেরে আমরা অতিশয় আনন্দ বোধ করছি। প্রাথমিক স্তর থেকে এ পর্যন্ত বিভিন্ন বিষয়ে অধ্যায়ন করে তোমাদের ব্যক্তিত্বের বিভিন্ন উন্নতি হয়েছে।

তোমাদের সকলের জানা আছে যে তোমাদের চারিদিকে, পরিবেশে বিভিন্ন প্রকারের সমস্যা নির্মাণ হচ্ছে। বিদ্যালয় স্তর থেকে বিদ্যার্থীগণ এই সমস্যার অধ্যয়ন করে তার উপর সমস্যার সমাধানের উপায় এবং সেই পরিপ্রেক্ষিতে আচরণ করা এর মুখ্য উদ্দেশ্যে অভ্যাসক্রমে নিশ্চিত করা হয়েছে। সেই উদ্দেশ্য সামনে জলসুরক্ষা এই বিষয়ে বিন্যাস করা হয়েছে। জলসুরক্ষা এই বিষয়ের অধ্যয়ন করার সময় তোমাদের আশেপাশের পরিস্থিতি, সম্বন্ধিত বিষয়ের সাবধানে নিরীক্ষণ করতে হবে। এই বিষয়ের বিভিন্ন সংকল্পনা, ঠিকানা, উপাদান, তত্ত্ব বুঝতে প্রধান ঘটকের সমাবেশ এই বিষয়ের মধ্যে করা হয়েছে। জলসুরক্ষা বিষয়টির কাঠামো তৈরি করার সময় পাঠ্যপুস্তক সচেতনভাবে তথ্য এবং কৃতি-কর্মের উপর নির্ভরশীল এরূপ তৈরি করা হয়েছে। বিষয়টির সম্পূর্ণ তথ্যের প্রয়োগ তোমাদের উপক্রম বা কার্যক্রম এবং প্রকল্পের মাধ্যমে করতে হবে।

জলসুরক্ষা এই পাঠ্যপুস্তকের মূল উদ্দেশ্য হল আমাদের দৈনন্দিন জীবনের সম্পর্কিত জলসুরক্ষা বিষয়ক স্থান এবং তার প্রয়োগ বা উপযোজন বুঝে নিতে হবে এবং এটাই অপরকেও বোঝাতে হবে। পাঠ্যপুস্তকের মধ্যে বিভিন্ন সংকল্পনা, ঠিকানা, আকৃতি, কৃতি-কার্যের মাধ্যমে স্পষ্ট করে বলা হয়েছে। সঙ্গে অনুশীলনীও দেওয়া হয়েছে। বিষয়টি সূচারুরূপে বোঝার জন্য এই সমস্ত কৃতি-কার্য, প্রয়োগ তোমরা নিজে করে দেখো। বিভিন্ন কৃতিকার্য সেইসঙ্গে প্রয়োগ করবার সময় তোমাদের শিক্ষক, অভিভাবক এবং শ্রেণিকক্ষের সহপাঠীদের সাহায্য নাও। অধ্যয়ন করে প্রাপ্ত জ্ঞানের সহসম্বন্ধ তোমাদের দৈনন্দিন জীবনের সাথে যুক্ত করো।

বর্তমানে প্রযুক্তিবিদ্যার দ্রুতগতির যুগে কম্পিউটর, স্মার্টফোন এসবের সঙ্গে তোমাদের পরিচয় আছে। সেজন্য জলসুরক্ষা এই পাঠ্যপুস্তকটি অধ্যয়ন করার সময় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধার সুযোগ্য ব্যবহার করো। কৃতি-কার্য ও প্রয়োগ করবার সময় বিভিন্ন উপকরণ, মূল্যবান বা মহত্ত্বপূর্ণ সামগ্রীর ব্যবহার যত্নপূর্বক করো এবং অন্যকেও সাবধানতার সঙ্গে ব্যবহার করতে বলো। কৃতি ও নিরীক্ষণ করার সময় পর্যাবরন সংরক্ষণের চেষ্টা করো। বনস্পতি, প্রাণীকে আঘাত না করা, যাতে তাদের কোনো ক্ষতি না হয় তার জন্য সাবধানতা অবলম্বন করো। এই পাঠ্যপুস্তকটি পড়ার সময়, অধ্যয়ন করার সময় এবং বোঝার সময় তোমাদের এর মধ্যে কী ভালো লেগেছে সেইসঙ্গে অধ্যয়ন করার সময় কী অসুবিধা হয়েছে সেগুলি অবশ্যই আমাদের জানাবে।

তোমাদের শৈক্ষণিক প্রগতির জন্য আন্তরিক শুভেচ্ছা রইল।

(দিনকর পাটিল)
সঞ্চালক
মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও
অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে ০৪

পুণে
তারিখ : ১লা মে ২০২১
ভারতীয় সৌর ২০ চৈত্র ১৯৪৩

# ভারতের সংবিধান

ভাগ ৪ক

# নাগরিকের মৌলিক কর্তব্য

**অনুচ্ছেদ 51 ক্র.**

**মৌলিক কর্তব্য - ভারতের প্রতিটি নাগরিকের এই কর্তব্য থাকবে যে সে-**

(ক) সংবিধানকে মান্য করতে হবে এবং সংবিধানের আদর্শ, প্রতিষ্ঠানসমূহ, জাতীয় পতাকা এবং জাতীয় সংগীতের প্রতি শ্রদ্ধা জানাতে হবে।

(খ) যে সকল মহান আদর্শ দেশের স্বাধীনতার জন্য জাতীয় সংগ্রামকে অনুপ্রাণিত করেছিল, সেগুলিকে পোষণ এবং অনুসরণ করতে হবে।

(গ) ভারতের সার্বভৌমিকতা, ঐক্য এবং সংহতিকে সমর্থন ও সংরক্ষণ করতে হবে।

(ঘ) দেশরক্ষা ও জাতীয় সেবাকার্যে আত্মনিয়োগের জন্য আহূত হলে সাড়া দিতে হবে।

(ঙ) ধর্মগত, ভাষাগত, অঞ্চলগত বা শ্রেণীগত বিভেদের ঊর্ধ্বে থেকে সমস্ত ভারতবাসীর মধ্যে ঐক্য ও ভ্রাতৃত্ববোধকে সম্প্রসারিত করতে হবে এবং নারীজাতির মর্যাদাহানিকর সকল প্রথাকে পরিহার করতে হবে।

(চ) আমাদের দেশের বহুমুখী সংস্কৃতির গৌরবময় ঐতিহ্যকে মূল্যপ্রদান ও সংরক্ষণ করতে হবে।

(ছ) বনভূমি, হ্রদ, নদী, বন্যপ্রাণী-সহ প্রাকৃতিক পরিবেশের সংরক্ষণ ও উন্নতি এবং জীবজন্তুর প্রতি মমত্ববোধ প্রকাশ করতে হবে।

(জ) বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, মানবিকতাবোধ, অনুসন্ধিৎসা, সংস্কারমূলক মনোভাবের প্রসার ঘটাতে হবে।

(ঝ) জাতীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হিংসার পথ পরিহার করতে হবে।

(ঞ) সকল ক্ষেত্রে জাতীয় উন্নতির উৎকর্ষ এবং গতি বজায় রাখার উদ্দেশ্যে ব্যক্তিগত ও সমষ্টিগত সকল কাজে চরম উৎকর্ষের জন্য সচেষ্ট হতে হবে।

(ট) মাতা-পিতা বা অভিভাবকদের ছয় থেকে চৌদ্দ বছর বয়সের প্রত্যেক শিশুকে শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে।

## দশম শ্রেণী জলসুরক্ষা : ক্ষমতা বিধান

| প্রকরণ | ক্ষমতা বিধান |
|---|---|
| বিভাগ (ঘটক)- 1 : জলশিক্ষা / জলশিক্ষণ | 1. পরিবেশ এবং বাস্তুতন্ত্রের মধ্যে সম্পর্ক স্পষ্ট /ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>2. পরিবেশের প্রকারগুলি বলতে সক্ষম হওয়া।<br>3. বাস্তুতন্ত্রের ধরণগুলি বলতে সক্ষম হওয়া।<br>4. বাস্তুতন্ত্রের উপর মানুষের হস্তক্ষেপের প্রভাব বলতে সক্ষম হওয়া।<br>5. জলের সাথে পরিবেশ এবং বাস্তুতন্ত্রের মধ্যে পারস্পরিক সম্পর্ক স্থাপনা করতে সক্ষম হওয়া।<br>6. বাস্তুতন্ত্রের সংরক্ষণের পাশাপাশি বাস্তুতন্ত্রের জন্য জল সঠিকভাবে ব্যবহার করতে সক্ষম হওয়া।<br>7. জল সংস্কৃতির গুরুত্ব ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>8. জল ব্যবস্থাপনার সম্পর্কে অতীতে গৃহীত ব্যবস্থার তথ্য গ্রহণ করে তার সংরক্ষণের চেষ্টা করা।<br>9. জল সংস্কৃতির সংরক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণে সক্ষম হওয়া।<br>10. জল ব্যবস্থাপনার সম্পর্কে অতীতে গৃহীত ব্যবস্থার তথ্য গ্রহণ করে তার সংরক্ষণের চেষ্টা করা।<br>11. বৃষ্টিমাপক যন্ত্র (Rain gauge) তৈরি করার বিষয়ে ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>12. বৃষ্টিমাপক যন্ত্র তৈরি করে তার ভিত্তিতে বৃষ্টিপাত রেকর্ড করতে সক্ষম হওয়া।<br>13. বাষ্পীভবন, ভূপৃষ্ঠের প্রবাহ পরিমাপ, জল শোষণের পরিমাপ ইত্যাদির জন্য বিভিন্ন সরঞ্জাম সম্পর্কে তথ্য প্রদানে সক্ষম হওয়া।<br>14. জল পরিমাপ সম্পর্কিত বিভিন্ন সংকল্পনা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>15. ভূপৃষ্ঠের জলাধার পরিমাপ করার পদ্ধতি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া। |

| | |
|---|---|
| **বিভাগ (ঘটক)- 2 : জলসংরক্ষণ** | 1. জল রূপরেখা (আরাখড়া) ধারণাটি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>2. জল রূপরেখা তৈরি করার ধাপগুলি ব্যাখ্যা করা এবং রূপরেখা প্রত্যক্ষ ভাবে করতে সক্ষম হওয়া।<br>3. জলের ভারসাম্য (ব্যালান্স শীট) মানে কি তা ব্যখ্যা করে জলের প্রয়োজনীয়তা এবং জলের মোট প্রাপ্যতার উল্লেখ করতে সক্ষম হওয়া।<br>4. জল রূপরেখার জন্য মানচিত্রর (Toposheet) ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>5. জনসভা এবং গ্রামসভার জল রূপরেখা করার গুরুত্ব ব্যাখ্যা করতে পারা।<br>6. গ্রামশিবার ফেরিতে অংশগ্রহণ করে জল রূপরেখা এবং তথ্য সংগ্রহ করতে পারা তার সম্পর্কে বিভিন্ন পদ্ধতির ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>7. জনগণের অংশগ্রহণের জল সংরক্ষণের গুরুত্ব ব্যাখ্যা করতে পারা।<br>8. জনগণের অংশগ্রহণের মাধ্যমে সম্পন্ন বিভিন্ন কাজের উপর ভিত্তি করে সূচনা ও সিদ্ধান্তে সক্ষম হওয়া।<br>9. জনগণের অংশগ্রহণের মাধ্যমে জল সংরক্ষণের প্রক্রিয়া / পদক্ষেপগুলি উপস্থাপন করতে সক্ষম হওয়া।<br>10. জনসাধাণের অংশগ্রহণের উদাহরণ অধ্যয়ন করে বিভিন্ন জল বিশেষজ্ঞের সাক্ষাৎকার নিতে সক্ষম হওয়া।<br>11. জনগণের অংশগ্রহণের উদ্দেশ্যগুলি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>12. এলাকার জল সংরক্ষণের কাজ সম্পন্ন করার জন্য কাজের রূপরেখা তৈরি করতে সক্ষম হওয়া।<br>13. জলসংরক্ষণে জনগণের অংশগ্রহণ বাড়াতে সক্ষম হওয়া।<br>14. জনগণের অংশগ্রহণ ও জল সংরক্ষণের সম্পর্ক স্থাপন করতে সক্ষম হওয়া।<br>15. জলবদ্ধতা অঞ্চলের বিকাস কর্মসূচী সম্পাদন করতে সক্ষম হওয়া এবং জলবদ্ধতা অঞ্চলের বিকাসের বিভিন্ন পদ্ধতি অর্জন করতে সক্ষম হওয়া।<br>16. কৃষির মাধ্যমে কীভাবে জলাশয় উন্নয়ন করা যায় তা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>17. জলবদ্ধতা অঞ্চলের বিকাসের জন্য কৃষকদের পথপ্রদর্শন (guide) করতে সক্ষম হওয়া।<br>18. জলবদ্ধতা অঞ্চলের উৎপন্ন বিভিন্ন জল সমস্যার সাধনের পরামর্শ দিতে সক্ষম হওয়া। |
| **বিভাগ (ঘটক)- 3 : জলব্যবস্থাপন** | 1. মহারাষ্ট্রের বৃষ্টিপাত পরিস্থিতি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>2. মহারাষ্ট্রের জলের উপলব্ধতা এবং জলের ব্যবহারের মধ্যে পারস্পরিক সম্পর্ক স্পষ্ট করতে সক্ষম হওয়া।<br>3. মহারাষ্ট্রের মুখোমুখি জল আহ্বানগুলি চিহ্নিত করে তার সমাধানের প্রস্তাব দিতে সক্ষম হওয়া।<br>4. জলদুষণ এটা বড় সমস্যা কেনো তা স্পষ্ট করে বলতে সক্ষম হওয়া।<br>5. এলাকায় জল আহ্বান (challenge) নিয়ে, নেওয়া ব্যবস্থা দেখে সচেতন জনজাগৃতি করতে সক্ষম হওয়া।<br>6. জলসেচ বা জলসিঞ্চন কি তা স্পষ্ট করে বলতে সক্ষম হওয়া।<br>7. জলসেচ বা জলসিঞ্চনের পারস্পরিক বা ঐতিহাসিক পদ্ধতি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>8. জলসেচের আধুনিক পদ্ধতি সম্পর্কে তথ্য অন্যকে প্রদান করতে সক্ষম হওয়া।<br>9. জলসেচের প্রভাবী এবং কার্যকর পদ্ধতির মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করতে সক্ষম হওয়া।<br>10. জলসেচের বিভিন্ন পদ্ধতির তুলনা করতে সক্ষম হওয়া।<br>11. জলব্যবস্থাপন সম্পর্কিত বিভিন্ন আইন ও বিধির তথ্য নেওয়া এবং অন্যকেও বলতে সক্ষম হওয়া।<br>12. জলের আইন ও বিধির (নিয়মের) প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>13. মহারাষ্ট্রের জলনীতি অধ্যায়ন করে তার উপরে ভিত্তি করে নিজের মতামত প্রকাশ করতে সক্ষম হওয়া। |
| **বিভাগ (ঘটক)- 4 : জলের গুণমান** | 1. জলের অস্বচ্ছতার অর্থ কি তা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>2. জলের অস্বচ্ছতা বা অস্বচ্ছতার স্তর পরিমাপ করার জন্য পরীক্ষার মাধ্যমে সিদ্ধান্তে আসা এবং অনুমান করতে সক্ষম হওয়া।<br>3. জল পরিশোধনের ধাপগুলি বিশদভাবে ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>4. ঘরোয়া জল পরিশোধনের সরঞ্জামের (উপকরণের) অধ্যয়ন করে তার কার্যপদ্ধতি এবং গুরুত্ব ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>5. পানীয় জল এবং নদীর প্রবাহিত জলের তুলনা করে বিভিন্ন বিষয় ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>6. অর্থ ওভারশুট ডে - ধারণা বা সংকল্পনা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>7. দৈনন্দিন জীবনে বিভিন্ন ঘটনার কারণে জলের দূষণকারী প্রক্রিয়া ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>8. জল যাতে দূষিত না হয় এর জন্য আদর্শ জীবনপদ্ধতি কেমন হবে সেটি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>9. বর্জ্যজলের পুনর্ব্যবহারের মাধ্যমে কীভাবে জলসংরক্ষণ করা হয় সেটি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>10. ভূগর্ভস্থ নোনা জলের সংকল্পনাটি ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>11. ভূগর্ভস্থ নোনা জলের পুনর্ব্যবহার এবং সমুদ্রের নোনা জলকে মিষ্টি করে ব্যবহারযোগ্য করার সংকল্পনা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া।<br>12. নোনা জলের পরিকল্পনা এবং পুনর্ব্যবহার সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহ করতে সক্ষম হওয়া। |

# অনুক্রমণিকা


| অনুক্রম | বিভাগ (ঘটক) | প্রকরণ | পৃষ্ঠা ক্রমাঙ্ক |
|---|---|---|---|
| 1 | জলশিক্ষা/ জলশিক্ষণ | 1. পরিবেশ এবং বাস্তুসংস্থান | 1-5 |
| | | 2. জলজিজ্ঞাসার সাংস্কৃতিক ঐতিহ্য | 6-13 |
| | | 3. জলের পরিমাপ | 14-17 |
| 2 | জলসংরক্ষণ | 1. জল রূপরেখা (আরাখড়া) | 18-22 |
| | | 2. জলাশয় অঞ্চল বিকাস | 23-29 |
| | | 3. জলসংরক্ষণ এবং জনগণের অংশগ্রহণ | 30-37 |
| 3 | জলব্যবস্থাপন | 1. মহারাষ্ট্রের জলের অবস্থা এবং জলের আহ্বান | 38-44 |
| | | 2. জলসেচ (জলসিঞ্চন) | 45-49 |
| | | 3. জলের আইন এবং নিয়ম | 50-56 |
| 4 | জলের গুণমান | 1. জলপরিশোধন এবং বর্জ্যজলের ব্যবস্থাপনা | 57-62 |
| | | 2. পরিবেশগত জীবন পদ্ধতি | 63-70 |
| | | 3. ভূগর্ভস্থ নোনা জলের পরিকল্পনা (নিয়োজন) | 71-74 |


## শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য দুটি ....

দশম শ্রেণী জলসুরক্ষা এই বিষয়টির মাধ্যমে দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় তথ্যের পরিচয় করিয়ে দিয়েছে। আমাদের চারপাশের বিভিন্ন প্রকারের পরিস্থিতি, কিছু গুরুত্বপূর্ণ সমস্যা এবং তার দৈনন্দিন জীবনে বিপরীত প্রভাব না হয় এর জন্য সচেতনতা তৈরি করার এবং এর প্রতি ইতিবাচক বা সকরাত্মক মনোভাব বা দৃষ্টিকোণ গড়ে তোলার চেষ্টা করা হয়েছে। ব্যক্তিত্বে অনুসন্ধিৎসু বা উদ্ভাবনী মনোভাব বা দৃষ্টিকোণ গড়ে তোলার চেষ্টা করা হয়েছে। ব্যক্তিত্বে অনুসন্ধিৎসু বা উদ্ভাবনী মনোভাব, কার্যদক্ষতা এবং নেতৃত্ববোধ এসবের বিকাসের জন্য প্রচেষ্টা করা প্রয়োজন। জলসুরক্ষা বিষয়ের অধ্যয়ন এবং অধ্যাপন করার সময় উদ্দেশ্য কেবল বিষয়টির তথ্যগুলি জানা নয়, এছাড়া পর্যবেক্ষণ, যুক্তি তুলনা, অনুমান করা এবং সিদ্ধান্তের ব্যাবহার করা প্রয়োজন। এই বিষয়টি নিজে বোঝা এবং অন্যকেও বোঝানোর সময় দেওয়া কৃতিগুলি করে, তার নিজস্ব অভিজ্ঞতা গ্রহণ করে এবং প্রাপ্ত তথ্যের যথাযথ ব্যবহার করা প্রয়োজন। বিষয়টিকে নির্ধারণ করার সময় জলসুরক্ষার মূল বিষয়গুলির মধ্যে জলশিক্ষণ, জলসংরক্ষণ, জলব্যবস্থাপন এবং জলের গুণমান প্রভৃতি প্রধান ঘটকের অন্তর্ভুক্ত করা হয়েছে। তদনুসারে প্রত্যেকটি ঘটকের অন্তর্গত বিভিন্ন প্রকরণগুলি নির্ধারণ করার সময় বিভিন্ন আকৃতি, ছায়াচিত্র, কৃতি, প্রয়োগ এরূপ যুক্ত করা হয়েছে। বিচার প্রক্রিয়াটিকে গতিশীল করার জন্য আলোচনা করো, নিরীক্ষণ বা পর্যবেক্ষণ করো, বলতো দেখি এছাড়া অতিরিক্ত গুরুত্বপূর্ণ তথ্যের জন্য ‘তোমরা কি জান?’ এই ধরণের শিরোনাম দেওয়া হয়েছে। এই বিষয়টির মাধ্যমে আমরা আমাদের ভূমিকা, আচরণ এবং সামাজিক আচরণকে আমাদের চারপাশের ব্যক্তিগতভাবে খুঁজে পাওয়া জল সংকটের জন্য, জলের ঘাটতি হিসাবে অনেক সমস্যার জন্য সমাজ উপযোগী করতে হবে। এর মাধ্যমে নিজেকে এবং সমাজকে সহায়তা করতে হবে।

# বিভাগ (ঘটক) 1 : জলশিক্ষা / জলশিক্ষণ

## প্রকরন 1 : পরিবেশ এবং বাস্তুসংস্থান

**একটু মনে করো।**

1. পরিবেশ কাকে বলা হয় ?
2. পরিসংস্থা / বাস্তুসংস্থান মানে কী ?

### পরিবেশ

পরিবেশ হল জৈবিক অজৈবিক ভৌগলিক এবং সামাজিক উপাদানের একে অপরকে প্রভাব বিস্তার করা। এই উপাদানগুলির প্রতিটি ব্যবহারে সীমাবদ্ধতা আছে। এই সমস্ত বিভাগের ভারসাম্যতা বজায় রাখলে প্রাকৃতিক সম্পদ ধ্বংস হবে না। পরিবেশের মধ্যে জৈব এবং অজৈব উপাদানগুলির মধ্যে ক্রিয়া এবং তার বিক্রিয়ার সম্পর্কিত তথ্য ও সিদ্ধান্তগুলির অধ্যায়ন করা হয়।

মানুষের মৌলিক (প্রাথমিক) প্রয়োজনগুলি হল অন্ন, বস্ত্র, বাসস্থান, এই সবই পরিবেশের উপর নির্ভরশীল। এছাড়াও উদ্ভিদ ও প্রাণীর শরীরে বিভিন্ন অজৈব উপদান থাকে। যেমন সালোকসংশ্লেষণ দ্বারা বনস্পতি তার খাদ্য উৎপাদন করে। প্রাণী উদ্ভিদের উপর নির্ভর করে আবার কিছু প্রাণী অন্যান্য প্রাণীর উপর নির্ভর করে। আসল শক্তি সূর্য থেকে পাওয়া যায়। এই শক্তি এক উপাদান থেকে অন্য উপাদানে সঞ্চারিত হয়। জৈব উপাদান মারা যাওয়ার পর পচে যায় তা থেকে তৈরি পদার্থ মাটি এবং হাওয়ায় মিশে যায়।

**এটা করে দেখো :**

নিচে কয়েকটি বিষয় দেওয়া আছে, তার জৈব ও অজৈব বিভাগে শ্রেণীবিভাগ করো।

(উদ্ভিদ, প্রাণী, সুক্ষ্মজীব, সূর্যালোক, বায়ু, জল এবং ভূমি।)

### পরিবেশের প্রকার :

**1. প্রাকৃতিক পরিবেশ :** পৃথিবীর উপরিভাগে প্রাকৃতিক ভাবে নির্মিত বিভিন্ন উপাদান পরিবেশের অংশবিশেষ। যেমন - জল, বায়ু, মাটি, বন, প্রাণী, জৈব উপাদান, জলবায়ু ইত্যাদি প্রাকৃতিক পরিবেশের বৈশিষ্ট্য দেখা যায়। মহারাষ্ট্রের প্রাকৃতিক গঠনেও এ জাতীয় বৈচিত্র দেখতে পাওয়া যায় পশ্চিমে শেষাদ্রি, মধ্যে দক্ষিণাত্যের মালভূমি, কোঙ্কন উপকূল এবং বিদর্ভের খনিজ প্রদেশ এরূপ বিভিন্ন প্রাকৃতিক পরিবেশ দেখতে পাওয়া যায়।

**2. মানব সৃষ্টি পরিবেশ :** মানুষ নিজের বুদ্ধির বলে প্রাকৃতিক পরিবেশের আমূল পরিবর্তন করেছে। যেমন মানুষের বাসস্থান পরিবহন এবং যাতায়াতের জন্য রাস্তা নির্মাণ বিমানপথ, জলপথ, রেলপথ, শিল্প এবং বাজার নির্মাণ প্রভৃতি পৃথিবীতে যে উপাদান মানব নির্মাণ করে তাকে এক কথায় 'মানব নির্মিত পরিবেশ' বলে।




পরিবেশ : জৈবিক অজৈবিক উপাদানের আন্তর ক্রিয়া




পরিসংস্থান

- **বাস্তুতন্ত্র (পরিসংস্থা) মানে কি ?**

**বাস্তুতন্ত্রের (পরিসংস্থা) প্রকার**

অজৈব এবং জৈব উপাদান গুলির পারস্পরিক সম্পর্ক এবং আন্তর ক্রিয়াকে বাস্তুতন্ত্র বলা হয়।

বিশিষ্ট পরিবেশে স্থান, ক্ষেত্র, জলবায়ু, ভূগর্ভ সংরচনা, শিলা-জমি, জলপ্রবাহ ব্যবস্থা ইত্যাদি পরস্পর সম্পর্কানুসারে বাস্তুতন্ত্রের প্রকার নির্ভর করে। এমনকি একটি ছোট জলাশয় অথবা হ্রদ অঞ্চলও একটি বৈশিষ্টপূর্ণ বাস্তুতন্ত্র হতে পারে।

**অ. ভুবাস্তুতন্ত্র :** তৃণভূমিঅঞ্চল, বনাঞ্চল, ঊষর (বন্ধ্যা) বা মরুঅঞ্চল।

**ব. জলজ বাস্তুসংস্থান :** নদী বাস্তুসংস্থান, সামুদ্রিক বাস্তুসংস্থান, হ্রদ বাস্তুসংস্থান।

**অ. ভুবাস্তুতন্ত্র :** বর্তমান পৃথিবীর মোট ভূপৃষ্ঠের 9.4% ভাগ অর্থাৎ প্রায় 30% জমির ভাগ বনজ বাস্তুতন্ত্র দ্বারা আচ্ছাদিত।

**তথ্য পাও: / জেনে নাও**

1. মহারাষ্ট্রের বনাঞ্চল অধ্যুষিত জেলার নাম

| অ.ক্র. | বনাঞ্চলের স্বরূপ | জেলার নাম |
|---|---|---|
| 1. | সর্বাধিক বনাঞ্চল অধ্যুষিত জেলা | .................. |
| 2. | মধ্যম বনাঞ্চল অধ্যুষিত জেলা | .................. |
| 3. | সর্বনিম্ন বনাঞ্চল অধ্যুষিত জেলা | .................. |

2. তোমাদের জেলায় বনাঞ্চল কতটা আছে তার তথ্য খুঁজে নাও।



ভূ-পরিসংস্থা - তৃণভূমি অঞ্চল



ভু বাস্তুসংস্থান - মরুভূমি অঞ্চল

বনের মধ্যে সজীব প্রাকৃতিক আশ্রয় পায় বনাঞ্চলের জন্য জলচক্র নিয়ন্ত্রিত হয় এবং ভূপৃষ্ঠের মাটি সুরক্ষিত থাকে। জঙ্গল মানুষের প্রয়োজন মেটায় উদাহরণ স্বরূপ কাঠ, ঔষধি বনস্পতি, মধু ইত্যাদি এই বাস্তুসংস্থান চিরহরিৎ বন, আংশিক চিরহরিৎ বন, পর্ণমোচী বন, বৃষ্টিপাত বনাঞ্চল, সূচিপর্ণ বনাঞ্চল, উষ্ণ ক্রান্তীয় বনাঞ্চল প্রভৃতি বিভিন্ন প্রকারের।

**● মহারাষ্ট্রের বনাঞ্চলের প্রকার :-**

মহারাষ্ট্রে প্রমুখ বনাঞ্চলের প্রকার নিম্নরূপ .....

**1. চিরহরিৎ বৃক্ষের বন -** প্রচুর বৃষ্টিপাত (360 থেকে 600 সেমি.) অঞ্চলে সব সময় সবুজ অর্থাৎ হরিৎবর্ণের বন হল চিরহরিৎ বনাঞ্চল।

এই ধরনের বন পাহাড়ের চূড়ায় মহাবলেশ্বর, মাথেরান, ভীমাশঙ্কর, খান্ডালা এবং শেষাদ্রীর পশ্চিম উত্তর প্রদেশে দেখা যায়। হিরডা, জাম্বুল, আম, বেল, খয়ের, রিঠা, অঞ্জন প্রভৃতি বৃক্ষ দেখতে পাওয়া যায়।

**2. আংশিক চিরহরিৎ বন -** চিরহরিৎ বনের থেকে নিচে যেখানে বৃষ্টিপাত একটু কম (200 থেকে 360 সেমি) এবং উষ্ণতা একটু বেশি সেই অঞ্চলে সাধারণত সবুজ বনকে আংশিক চিরহরিৎ বন বলা হয়।

শেষাদ্রী পর্বতমালার পশ্চিম ঢালুর কোন কোন অংশে এই ধরনের বনের বিস্তার আছে। তারমধ্যে এন, বহেড়া, কিঞ্জড় প্রভৃতি বৃক্ষ দেখতে পাওয়া যায়।

**3. ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদ -** পাহাড়ি ঢালু এবং সমভূমি অঞ্চলে এই প্রকারের বন দেখা যায় অতি অল্প বৃষ্টিপাত (150 থেকে 200 সেমি.) এবং তাপমাত্রা বেশি অঞ্চলের বনভূমিকে ক্রান্তীয় পর্ণমোচী বন বলা হয়।

এই অঞ্চলে সেগুন, শাল, সীসম, শিমুল, পলাশ, আম প্রভৃতি বৃক্ষ দেখা যায়।

**4. শুস্ক পর্ণমোচী বন -** অত্যন্ত কম বৃষ্টিপাত এবং অত্যাধিক উষ্ণতা সম্পন্ন অঞ্চলে সমস্ত উদ্ভিদ পর্ণহীন ও শুস্ক দেখা যায় এই রূপ বনকে শুস্ক পর্ণমোচী বন বলা হয়।

আমলকী, পলাশ, গাব, টবিস, বাবলা, ভ্যারা প্রভৃতি বৃক্ষ দেখা যায়।

**5. উপকূলীয় বনাঞ্চল -** কোঙ্কন উপকূলের আশেপাশে জলাভূমি অথবা পলি মৃত্তিকা অঞ্চলের বনকে উপকূলীয় বন বা ম্যানগ্রোভ জঙ্গল বলা হয়। এই বনে সুন্দরী, গরান, তিওর, আম্বেটী, কাজলা, সমুদ্রফল ইত্যাদি বৃক্ষ দেখা যায়।

> **ইন্টারনেট আমার বন্ধু**
>
> ইন্টারনেটের সাহায্যে মহারাষ্ট্রের বিভিন্ন বনজ সম্পদ দেখা যায়। এমন একটি মানচিত্রের সন্ধান করো এবং মহারাষ্ট্রের বিভিন্ন বনাঞ্চল ও বন সম্পর্কিত তথ্য সংগ্রহ করো এবং শ্রেণী কক্ষে উপস্থাপন করো।

**ব. জলজ বাস্তুতন্ত্র**

জলজ বাস্তুতন্ত্রের প্রধানত দুই প্রকারের মিষ্টি জলের বাস্তুতন্ত্র এবং নোনা জলের বাস্তুতন্ত্র। মিষ্টি জলের বাস্তুতন্ত্রের স্থির জল বাস্তুতন্ত্র এবং প্রবাহিত জল বাস্তুতন্ত্র।




জলজ বাস্তুতন্ত্র: বিক্রিয়া / আন্তরক্রিয়া

জলজ বাস্তুতন্ত্রের বিভিন্ন উপাদান গুলির সাথে যোগাযোগ করে পুষ্টিকর দ্রব্য বহন করে নিয়ে যায় তার ব্যবহার বাস্তুতন্ত্রের সজীবের সঙ্গে হয়। জলের গভীরতা পরিছন্নতা, লবণাক্ততা, তাপমাত্রা, তারমধ্যে আলো, অক্সিজেন ও কার্বন ডাই অক্সাইড বায়ুর নিঃসরণ, প্রবাহের বেগ জলের বিভিন্ন পদার্থ ইত্যাদি প্রাকৃতিক বৈশিষ্ট্য অনুসারে কিংবা জলজ বাস্তুতান্ত্রিক জৈব বিবিধতা নির্ভর করে। এই বাস্তুতন্ত্র জলজ জীবের বাসস্থান এই বাস্তুতন্ত্রীতে সামুদ্রিক পরিবেশের পাশাপাশি হ্রদ, নদী, পুকুর জলাভূমি প্রভৃতি জল ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এই বাস্তুতন্ত্রগুলি মানবকে প্রচুর প্রাকৃতিক সম্পদ সরবরাহ করে।

● **পরিবেশের জন্য জল**

বাস্তুসংস্থানের সুচারুরূপে কাজ করার জন্য নদী, পুকুর, খাড়ি জলাভূমি ইত্যাদি জলপ্রবাহের ভূমিকা অত্যন্ত মহত্বপূর্ণ। স্থানীয় বন্যজীবন কৃষিকার্য, জলসেচ, মৎস পালন, কাঠের কাজ, মৌমাছি পালন ইত্যাদি জলের উৎসের উপর নির্ভরশীল। জলের উৎস এবং জল সম্পর্কিত ভূমি অঞ্চলের বসবাসকারী লোকেদের অন্ন, বস্ত্র, বাসস্থান যোগান দেয়। অতএব পরিবেশের বিকল্প হিসাবে বাস্তুতন্ত্রের জন্য জল প্রয়োজন।

পরিবেশ জলের সংস্থানগুলি নির্ভরশীল উৎপাদন এবং বাস্তুতন্ত্র প্রক্রিয়া বজায় রাখার জন্য উপলব্ধ জলের উৎস থেকে আলাদা রেখে ব্যবহার করা হয় তাকে 'পরিবেশের জন্য ব্যবহৃত জল' বলা হয়।

**বাস্তুসংস্থান এবং জল এদের পারস্পরিক সম্বন্ধ**

জলীয় বাস্তুসংস্থান এবং ভূ-বাস্তুসংস্থান উন্নতিকল্পে জল অত্যন্ত প্রয়োজনীয় উপাদান। ভূ-বাস্তুসংস্থানের মধ্যে তৃণ উদ্ভিদ ক্রান্তীয় মরু অঞ্চল সমাবিষ্ট আছে। বন বাস্তুতন্ত্রের মধ্যে প্রায় 30% ভাগ ব্যাপৃত আছে। জলজ বাস্তুতন্ত্র দু'প্রকারের-

1. মিষ্টি জলের বাস্তুতন্ত্র
2. লবণাক্ত জলের বাস্তুতন্ত্র।

এই বাস্তুতন্ত্র গুলি মানুষের শারীরিক চাহিদা পূরণ করে। তবে সেই বাস্তুসংস্থানের সর্বাঙ্গীন উন্নতির জন্য জলের একান্ত প্রয়োজন। জল ছাড়া পুষ্টিকর পদার্থ পরিবহন করা যায় না। জৈব বৈচিত্র যেহেতু জলের উপর নির্ভরশীল তাই জল এবং বাস্তুসংস্থান পরস্পর নির্ভরশীল এবং ওতপ্রোত ভাবে জড়িত।

**বাস্তুসংস্থানের জলের যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ**

বাস্তুসংস্থান কার্যকারিতা সুচারুরূপে বজায় রাখতে সমস্ত জলের উৎস গুলিতে জল থাকা প্রয়োজন। এক সময়ে নদী-নালায় 12 মাস জল প্রবাহিত হতো। কিন্তু আজ বেশী পরিমানে জল উত্তলোনের জন্য নদী- নালা শুকিয়ে যায় ভারী বৃষ্টিপাত শেষ হবার পরে এবং তার ফলে বাস্তুসংস্থান বিপন্ন হয়। সুতরাং বাস্তুসংস্থান কে বাঁচিয়ে রাখতে জলের উত্তোলন কম করে জলের খরচা অল্প করতে হবে। সামান্য জল সংরক্ষণ ও জল ব্যবস্থাপনা করে জলের উৎসের জন্য যথেষ্ট জল সঞ্চয়ের প্রয়োজন আছে।

**পরিবেশের জন্য জলের গুরুত্বপূর্ণ ভূমিকা নিম্নলিখিত রূপে -**

পরিবেশের জন্য জল নদী, খাড়ি ও জলাভূমি থেকে পাওয়া প্রাকৃতিক প্রবাহকে পুনসঞ্চিত করে।

সজীব সৃষ্টি অন্নের অভাব বোধ করেনা কারণ সঠিক সময়ে পর্যাপ্ত পরিমাণে জল সরবরাহ করা হয়। তারা যথাক্রমে পুনরুৎপাদন প্রজননের মাধ্যমে বৃদ্ধি পায়।

নদীগুলি এবং আর্দ্র অঞ্চলে স্বাস্থ্য ঠিক রাখতে জলের প্রধান ভূমিকা থাকে। সুতরাং তাদের উপর নির্ভর করে বাস্তুসংস্থানগুলি ভিত্তি স্থাপন করে।

**একটু মাথা ঘামাও:**

1. পরিবেশে জৈব এবং অজৈব উপাদানের পরস্পর কী সম্পর্ক আছে?
2. বাস্তুসংস্থার কী কী উপাদান আছে তথ্যগুলি লেখ এবং সারণী তৈরি করো।

**নিরীক্ষন করো এবং আলোচনা করো।**

নিচের চিত্রগুলির নিরীক্ষন করো এবং পরিবেশ অথবা বাস্তুসংস্থান সম্পর্কে আলোচনা করো।





**এগুলি করে দেখো :**

নিচের শব্দগুলির ব্যবহার করে চিত্রে দেওয়া শুন্য স্থান পূরণ করো।

**(সূর্যালোক, কার্বন-ডাই-অক্সাইড, সালোকসংশ্লেষণ, বনস্পতি, উৎপাদক, ভক্ষক, তৃণভোজী প্রাণী, মাংসাশী প্রাণী, পচনকারী প্রাণী।)**



**ইন্টারনেট আমার বন্ধু**

1. ভারতীয় বনাঞ্চলের প্রকারের তথ্য খোঁজো ও সারণী তৈরি করো।
2. জাতীয় উদ্যান ও অভয়ারণ্যের নাম ও কোন রাজ্যে অবস্থিত তা লেখ।
3. মানুষের হস্তক্ষেপের কারণে ঘটনা ঘটার বিভিন্ন তথ্যগুলি লেখ।

## অনুশীলনী

1. পরিবেশের উপর মানুষের হস্তক্ষেপ এর প্রভাবগুলি কী কী ?
2. বাস্তুতন্ত্রের প্রধান প্রকারগুলি কি কি ? কোন ভিত্তিতে এই শ্রেণী বিন্যাস করা হয় ?
3. পরিবেশের জন্য জল কোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ?
4. প্রাকৃতিক জলের উৎস থেকে জলের অনিয়ন্ত্রিত ব্যবহার বাস্তুসংস্থা ও পরিবেশ প্রক্রিয়াগুলিকে কী প্রভাব করে ?
5. পরিবেশের উপর মানুষের ব্যাপক হস্তক্ষেপে প্রাকৃতিক জলের উৎসগুলিতে বিরূপ প্রভাব কী কী ?
6. মহারাষ্ট্রের মোট জমির সাথে বনভূমির অনুপাত কত ?
7. মহারাষ্ট্রের সর্বাধিক বনাঞ্চল ও স্বল্পতম বনাঞ্চল বিভাগ কোনটি ?
8. মহারাষ্ট্রে কী ধরনের বন দেখতে পাওয়া যায় ? আয়তন অনুসারে প্রতিটি বনাঞ্চলের শতাংশ কত ?

## প্রকরণ 2 : জলজিজ্ঞাসার সাংস্কৃতিক ঐতিহ্য

### • মানব পরিবর্তন ও পঞ্চতত্ত্বের বোঝাপড়া

মানুষের অগ্রগতিতে মস্তিষ্ক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অন্যান্য প্রাণীর তুলনায় মানুষের মস্তিষ্ক অধিক উন্নত হওয়ার জন্য প্রকৃতির পরিবর্তনগুলি লক্ষ করতে পারে। তাদের পর্যবেক্ষণ থেকে মানুষ বুঝতে পেরেছে যে সজীবের উৎপত্তি পরিচালনা এবং ধ্বংস প্রকৃতির যে পাঁচটি প্রধান উপাদান মাটি, জল, বায়ু, সূর্যালোক এবং আকাশ এর উপর নির্ভর করে। এগুলিকে আমরা 'পঞ্চতত্ত্ব' বলে থাকি। পৃথিবী, জল, অগ্নি, বায়ু এবং আকাশ এগুলো হলো পঞ্চতত্ত্ব।

সজীব এবং নির্জিব সবই পঞ্চতত্ত্ব নিয়ে গঠিত এইরূপ মনে করি এই পঞ্চতত্ত্বের প্রতি শ্রদ্ধা রেখে প্রকৃতির বিধিবিধানগুলি নিষ্ঠাভাবে পালন করে আদর্শ জীবন যাত্রার উদয় হয়েছিল। এই ভাবে ভারতীয় সংস্কৃতি এবং আধ্যাত্মিকতার মধ্যে ঘনিষ্ঠ সংযোগ তৈরি হয়েছিল।



পঞ্চতত্ত্ব

জল এই পাঁচটি উপাদানের মধ্যে একটি, তাই ভারতীয় সংস্কৃতির পাশাপাশি মানব জীবনেও জলের গুরুত্ব আছে, প্রাচীনকালে জল প্রচুর ছিল। ঋগবেদ, যজুর্বেদ, অথর্ববেদের যুগে নদীর জল আটকানোর জন্য বাঁধ তৈরি করা হয়েছে, দূরবর্তী অঞ্চলে জল বহন করার জন্য খাল কাটানো হয়েছে এবং ভূগর্ভস্থ জল উত্তলনের জন্য কূপগুলির ব্যবহার করার তথ্য নথিভুক্ত আছে। কিন্তু ক্রমবর্ধমান মানবিক হস্তক্ষেপের জন্য উপলব্ধ জল সম্পদের উপর বিরূপ প্রভাব ফেলেছে এবং জলের সংকট দেখা দিচ্ছে।

### সরস্বতী নদী তীরে প্রাচীন সংস্কৃতি

সরস্বতী নদীর তীরে গড়ে ওঠা প্রাচীন সংস্কৃতির অনেক বর্ণনা ঋগবেদে বিভিন্ন জায়গায় পাওয়া যায়। রামায়ণ ও মহাভারতের সময়েও সরস্বতী নদীর অস্তিত্বের প্রমাণ রয়েছে। আজও সরস্বতী নদীর ভূতাত্ত্বিক প্রমাণ পাওয়া যায়, তবে বলা হয় যে এই প্রাচীন সংস্কৃতি প্রাকৃতিক দুর্যোগের কারনে বিলুপ্ত হয়ে গিয়েছিল, যার অর্থ নদী যেমন সংস্কৃতি নির্মাণ করতে পারে আবার সেই সংস্কৃতি বিনষ্টও করতে পারে।


সরস্বতী নদীর তীরে প্রাচীন সংস্কৃতি

### ভূগর্ভস্থ পর্যবেক্ষক বরাহ মিহির

আমেরিকান ভূতাত্ত্বিক মেনজারকে আধুনিক ভূগর্ভস্থ জলের জনক হিসাবে বিবেচনা করা হয়। তথাপি ভারতে প্রায় দেড় হাজার বছর পূর্বে বরাহমিহির তার বৃহৎসংহিতা গ্রন্থে জল বিষয়ে চারটি অধ্যায় লিখেছিলেন।

মাটির গঠন, উদ্ভিদের অধ্যয়ন, ব্যাঙ, সাপ, মাছ, টিকটিকি, বিছা ইত্যাদির মতো প্রাণীর আচরণ নিয়ে জড়িত যা ভূগর্ভস্থ জলের সাথে সম্পর্কিত তার তথ্য এখানে দিয়েছেন। যেহেতু বরাহমিহির কালো পাথর (বেসাল্ট) অঞ্চলে বাস করতেন তাই তাঁর গবেষণা মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ যা কালো পাথরের অঞ্চলের বিশেষ গুরুত্ব দেয়।

### মহান কৃষিবিদ পরাশর মুনি

ভারতীয় সংস্কৃতি বরাবরই কৃষিপ্রধান। সুতরাং কৃষিকাজের জন্য প্রয়োজনীয় বৃষ্টির জলের পূর্বাভাস দেওয়ার জন্য পরাশর মুনি তার 'কৃষি পরাশর' গ্রন্থে দরকারী পর্যবেক্ষণ গুলি নথিভূক্ত করেছেন। তাছাড়া বৃষ্টির জল কিভাবে আটকে রাখবে এবং সংরক্ষন করবে সে সম্পর্কে কশ্যম কৃষিসুক্তম গ্রন্থে বিস্তারিত ভাবে লিখেছেন। তিনি তার পর্যবেক্ষণে বিভিন্ন মাসে বায়ুর দিশা, নদীর অববাহিকায় জলের স্তর, পিঁপড়ে, ব্যাঙ, ময়ূর, সাপ ইত্যাদি স্থান বৃষ্টিপাতের সঙ্গে সম্পর্ক নথিভূক্ত করেছেন।

### জলপ্রগত সমাজ

জ্ঞানেশ্বরও জল সংস্কৃতি সম্পর্কিত বৃষ্টিপাত পরিবেশ, জল সংরক্ষণ, সেচ ব্যবস্থা, খরা, বন্যা ইত্যাদি সম্পর্কেও গুরুত্বপূর্ণ বর্ণনা দিয়েছেন। মহারাষ্ট্রের মৌর্য, সাতবাহন, চালুক্য এবং রাষ্ট্রকূটের রাজত্বকালে জল পরিকল্পনা বিষয়ে সুবর্ণ যুগ ছিল।

জলপ্রগতি সমাজের মাধ্যমে জল সংরক্ষণ জল ব্যবস্থাপনার অনেক উদাহরণ আমরা পেয়ে থাকি।

### পুরাতন কাঠামো / সংরচনা

মহারাষ্ট্রে অনেক গুহা দুর্গ রয়েছে যার কাছে দেবালয় কুণ্ড পুকুর দেখতে পাওয়া যায়। এ সম্পর্কে অজন্তা গুহার শিলালিপিতে দেখা যায়। রাষ্ট্রকুট নান্দেড় জেলার কান্দারের নিকট জগতুঙ্গ সরোবর সাতবাহনের ঔরঙ্গবাদের নিকটে হর্সুল হ্রদ, সম্রাট চন্দ্রগুপ্ত মৌর্যের পরামর্শে কুশগুপ্ত বৈশ্য গিরনারে সুর্দশন সরোবর নির্মাণ করে তাঁরা জলের সচেতনাতার প্রমান দিয়েছেন। চালুক্য এবং যাদব আমলে প্রচুর পরিমাণে বারব এবং হ্রদ নির্মাণ হয়েছিল।



হর্সুল হ্রদ



কান্ধার কেল্লা



সুদর্শন সরোবর



দেওতাকে - সিংহগড়, পুণে

## প্রাচীন হ্রদ সংস্কৃতি

ভূ-পৃষ্ঠের অগভীর অংশে বা খাঁজে প্রাকৃতিক বা কৃত্রিম রূপে তৈরি হওয়া জলাশয়ের পাড় অথবা কিনারাগুলি প্রস্তর অথবা প্রস্তরে খোদাই করা মূর্তি ইত্যাদি নির্মাণকাজের মাধ্যমে নির্দিষ্ট আকার দেওয়া হয় তাকে 'হ্রদ বলে। এ হ্রদগুলি সরোবরের চেয়ে আকারে ছোট এবং কূপের চেয়েও বড়। এই হ্রদ পুষ্করণী, বাপী, বাপিকা নামেও পরিচিত। এর মধ্যে কয়েকটি নাম বৈশিষ্ট্যযুক্ত। যেমন, পুষ্করণী মানে পদ্মপুকুর। আকারের উপর নির্ভর করে এর উপপ্রকারগুলি সূর্যপুষ্করণী এবং চন্দ্রপুষ্করণী নামে জানা যায়।



'হ্রদ / তালাব' পুষ্করণী

ভারতে নদীগুলির মতো, হ্রদও ধর্মীয় তাৎপর্য অর্জন করেছে। বেশিরভাগ মন্দির প্রাঙ্গণে হ্রদ, বিশেষত: জলাশয় বা পুষ্করণী নির্মিত করা দেখতে পাওয়া যায়। যে অঞ্চলগুলিতে বড় নদী দুষ্প্রাপ্য, সেখানে এই হ্রদের সংখ্যা বেশি দেখতে পাওয়া যায়। পুষ্করণীর সাথে ঘাট, লন্ঠন, বাতিঘর, জলনিকাশী পথ (ওভারপাস), স্তম্ভ, মহাদ্বার ইত্যাদি নির্মাণের প্রথা ছিল। সেই সময়ে, জল সরবরাহ করা রাজার কাজ ছিল না, এই কারণে লোকেরা তাদের নিজেদের জলের চাহিদা মেটাতে যথাসাধ্য চেষ্টা করেছিল। সেই সময়, জনসাধারণের ব্যবহারের জন্য হ্রদ বা পুকুর তৈরি করা ধর্মশাস্ত্র অনুসারে পুণ্যবান বলে বিবেচিত হত। এই রকম হ্রদ বা পুকুর নির্মাণ করে জনসাধারণের কাজের জন্য অর্পণ করা হত। আমরা আজও এই জাতীয় হ্রদের জায়গায় এর দৃষ্টান্ত দেখতে পাই।

ভুবনদেবকৃত 'অপরাজিতপৃচ্ছা' (দ্বাদশ- এয়োদশ শতাব্দী) এই গ্রন্থে হ্রদের ছয়টি প্রকারের বিবেচনা করা হয়েছে, সেগুলি নিম্নরূপ : 1. অর্ধ- চন্দ্রাকৃতী 'সর'। 2. গোলাকার 'মহাসর' 3. চৌকনী 'ভদ্রক' 4. ভদ্রক একে অপরের সাথে যোগ দিয়ে গঠিত 'সুভদ্র' 5. সারস-জাতীয় পক্ষী নামার যে হ্রদ 'পরিঘ' এবং 6. দুটি 'পরিঘ' এক সাথে সংযোগ করে 'যুগ্মপরিঘ'।

এগুলি ছাড়াও, এক হাজার ফুট দৈর্ঘের জ্যেষ্ঠ, তার অর্ধেক মাঝারি এবং এক চতুর্থাংশ কনিষ্ঠ হিসাবে বিভিন্ন ধরনের হ্রদের বা জলাশয়ের বর্ণনা রয়েছে। এই ধরণের পিছনের আকার অনুযায়ী এর বিভিন্ন প্রকার হয়। এই মাত্রাটি 50 হাতের জ্যেষ্ঠ, 25 হাতের মাঝারি এবং 12 হাতের কনিষ্ঠ হিসাবেও বর্ণনা করা হয়েছে।

এই হ্রদটি প্রাচীন কাল থেকেই গ্রামে জল সরবরাহ, মন্দিরের সজ্জা, ধর্মীয় কাজকর্ম, অগ্নিনির্বাপক, সৌন্দর্যবর্ধন, পান্থস্থ সুবিধার মতো বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়ে আসছে। হ্রদগুলি বা পুকুরটি প্রাকৃতিক ঝরণা থেকে বা কৃত্রিমভাবে সঞ্চিত জলের কিনা তা অনুসারে তাদের জলের মিষ্টতা পরিবর্তিত হয়। জলাশয় বাঁধ নির্মাণ করে বা জমিতে খনন করে পুকুর বা জলাধার দীর্ঘস্থায়ী করার জন্য লক্ষ্য করা যায় যে পূর্বেই কাদা পরিবহন করা হচ্ছে। হ্রদের পাথর বাঁধের ফলে হ্রদের জল অবশোষনের প্রক্রিয়া আরও দীর্ঘায়িত করা যায়।

ঐতিহাসিক কালে, বাঁধের ধারে শীতগৃহ, ব্যারাক, উদ্যান সেই সঙ্গে শোভাদায়ক সজ্জিত মণ্ডপ ও তোরণ নির্মাণ করার প্রথা ছিল। উদয়পুরের রাজসমন্দ (সন 1662-76), অজমীরের অনাসাগর (দ্বাদশ শতাব্দী) এর উত্তম উদাহরণ রয়েছে।

বারাণসীতে বলা হয় যে হ্রদের শৃঙ্খলা জালের সাহায্যে অতীতে বরুণা, অস্‌সী এবং গঙ্গা এই তিনটি নদীর সঙ্গম ছিল। ইন্দোরের নিকটবর্তী মাণ্ডবগড় নগর পরিকল্পনায় হ্রদ পরিকল্পনা করা হয়েছে। জাহাজমহলের (মান্ডু) অঞ্চলটি হ্রদের বা পুকুরের জন্যও বিখ্যাত। মাদুরাইয়ের মীনাক্ষী মন্দিরের গোল্ডেন লোটাস হ্রদ বিখ্যাত। পৌরাণিক কিংবদন্তী রয়েছে যে ব্রহ্মহত্যার পাপ থেকে মুক্তি পাওয়ার জন্য দেবরাজ ইন্দ্র এই হ্রদে স্নান করেছিলেন। এই হ্রদের চারিপাশে বড় বড় সভামণ্ডপ এবং জলনিকাশী পথ রয়েছে। এই স্থানে তিরুমাল নায়ক দ্বারা নির্মিত 'বন্দিয়ুর' বা 'মরিয়ম্মন টেপ্পকুলম' (1645) এটা দক্ষিণ ভারতের বৃহত্তম পাথর হ্রদ হিসাবে বিবেচিত হয়। এর দৈর্ঘ্য 304.40 মি। এবং প্রস্থ 289.56 মি আছে। বৈগাই নদীর অববাহিকা থেকে জল নেওয়াতে জলাশয়টি শুকিয়ে যায় না। এর মধ্যভাগে একটি ছোট দ্বীপ রয়েছে যেখানে একটি ছোট গম্বুজ এবং মাঝখানে একটি মন্দির রয়েছে।

### আধুনিক হ্রদ / জলাশয়

আধুনিক শহর পরিকল্পনায় হ্রদ বা পুকুরগুলি একটি গুরুত্বপূর্ণ স্থান অর্জন করেছে। আজও হ্রদের কাছে বাগান, স্নানগৃহ, ঘাট ইত্যাদি পরিকল্পনা করা হয়েছে। আঠারো ও উনিশ শতকে মুম্বইতে অনেকগুলি বড় হ্রদ নির্মিত হয়েছিল। মহালক্ষ্মী, গাভাদেবী, লক্ষ্মীনারায়ণ ইত্যাদি প্রমুখ মন্দিরগুলিতে বড় বড় পুকুর ছিল। শহরটির বৃদ্ধি এবং পানীয়জল ও ব্যবহারযোগ্য জলের সরবরাহের সরকারী সুযোগ সুবিধার কারণে কিছু হ্রদ বন্ধ করা হয়েছিল। মুম্বাদেবী এবং মহালক্ষ্মীর হ্রদগুলি সম্প্রতি জলাবদ্ধ হয়েছে। কোল্হাপুরের বন্ধ করা মনকর্ণিকা হ্রদ থেকে কাদা-মাটি পুনরায় সরিয়ে হ্রদটি পুনর্জীবিত করা হয়েছে।

### প্রাচীন জল বন্টন ব্যবস্থা : কিছু উদাহরণ

1. তাম্রপত্র শিলালিপি থেকে বোঝা যায় যে 13 থেকে 15 শতাব্দীতে খানদেশী বন্যা সেচ ব্যবস্থায় জিরা মালি সম্প্রদায়ের লোক বাঁধ নির্মাণ করেছিল।
2. বিদর্ভের চন্দ্রপুর, গড়চিরোলী, ভান্ডারা, নাগপুর জেলাগুলিতে, গৌড় রাজার রাজত্বকালে, কোহলি উপজাতির লোকেরা নিজস্ব অর্থ এবং শ্রম ব্যবহার করে প্রায় দশ হাজার গবাদি (মালগুজারী) পুকুর তৈরি করেছিল।
3. 1572 সালে, বিড়ের কাছে একটি খাজিনা বা ধনকূপ নির্মিত হয়েছিল। পার্শ্ববর্তী পাহাড়ের মধ্য দিয়ে কূপটিতে জল আনা হয়েছিল। প্রায় 212 হেক্টর কৃষিজমি এই কূপে সেচের আওতায় এসেছিল।
4. মন্দির তৈরি করার সময় মাটি খুঁড়ে যে পাথর পাওয়া যেত সেগুলিকেই সূক্ষ্মভাবে কেটে নিয়ে জল সংরক্ষনের জন্য পুষ্করণীগুলি নির্মাণ করা হত। তার থেকেই এই জল পানীয়, মন্দিরের মালিকানাধীন কৃষিতে, দেবদেবীদের জন্য ব্যবহৃত হত।
5. দৌলতাবাদ দুর্গের সামনের দিকে, পাহাড়ের উপর জল আটকে দিয়ে একটি বড় হ্রদ তৈরি করা হয়েছিল।
6. সাতপুড়া পাহাড়ে ভিল উপজাতিরা বাঁধ বাঁধার ব্যবস্থা শুরু করেছে। বাঁধ ব্যবস্থায়, পার্বত্য অঞ্চলে প্রবাহিত ঝর্ণা এবং স্রোতগুলি পাথরের বাঁধে পরিণত করা হত এবং জলকে কৃষি জমির দিকে ঘুরিয়ে দেওয়া হত।

আমরা দেখতে পাচ্ছি যে মহারাষ্ট্রের জল সংস্কৃতি ভারতের মধ্যে সমৃদ্ধ ছিল। এমন সুজলম সুফলম জল ঐতিহ্যপূর্ণ মহারাষ্ট্র আজ জল সংকটের মুখোমুখি। মহারাষ্ট্রের জলের গৌরব ফিরিয়ে আনতে আজ আমাদের দৃঢ়সংকল্পবদ্ধ হওয়া দরকার। সে কারণেই আমাদের উচিত জল সুরক্ষার বিষয়ে গভীর ভাবে গুরুত্ব দেওয়া এবং রাজ্যের সঙ্গে সঙ্গে দেশের জল সম্পদ বৃদ্ধির শপথ গ্রহণ করা হয়।

### • মৌর্যসাতবাহন বাকাটক এবং রাষ্ট্রকুট সময়কাল

মহারাষ্ট্রের কথা বিবেচনা করে, মৌর্য, সাতবাহন, চালুক্য এবং রাষ্ট্রকূটের রাজত্বকাল জল ব্যবস্থাপনার ক্ষেত্রে এক স্বর্ণযুগ। সোনার ধোঁয়ার মত বলা যেতে পারে এমন সুন্দর জল ব্যবস্থা ছিল।

#### তোমরা জান কি ?

**দৌলতাবাদ প্রয়োগ**

ঔরঙ্গবাদ জেলায় জলাভাবের কারণে উৎপন্ন হওয়া জল সংকটের মোকাবিলা করবার সময় দৌলতাবাদ গ্রামে জল পুনরুদ্ধারের একটি অদ্বিতীয় প্রয়োগ চালানো হয়েছিল জানুয়ারী মাসে কূপের জল হ্রাস হওয়ায় এবং ভূগর্ভস্থ জলের স্তর নীচে নেমে যাওয়ার কারণে, নলকূপের (বোরওয়েলের) জন্যও জলের খরার মতো পরিস্থিতি তৈরি করেছে। সার্বজনিক কূপ থেকে কিছু দূরে অবস্থিত 'মোমবাতি হ্রদ' (ক্যান্ডেল লেক) জলে পরিপূর্ণ ছিল কিন্তু জল পাম্প করে উঠানোর জন্য বিদ্যুতের সুবিধা না থাকায় বিদ্যালয়ে শিখে নেওয়া বায়ুচাপের ভিত্তিতে একটি পৃথক প্রয়োগ চালানো হয়েছিল।

চারপাশে পাহাড় তার মধ্যে পনেরো ফুট গভীর 'মোমবাতি' হ্রদের জল মধ্যাকর্ষণ এবং সায়ফন পদ্ধতি ব্যবহার করে পাইপের দ্বারা নালায় ছেড়ে দেওয়া হয়েছিল। প্রায় 2000 ফুট দূরত্বে একটি সার্বজনিক কূপের নিকটে নালাতে প্রাচীর তৈরি করে জল অবরুদ্ধ করা হয়েছিলো। এভাবে গ্রামের জল সরবরাহ প্রকল্পটি স্বল্প ব্যয়ে বাস্তবায়িত করা হয়েছিল। এই প্রয়োগের ব্যবহার করে বেশ কয়েক বছর ধরে পতিত শুকনো কূপ স্বচ্ছ করে পুনরায় ব্যবহার ও নিয়ন্ত্রণ করা যায়।

মৌর্য আমলের পূর্বে রচিত 'ধম্মপদ' গ্রন্থে বিভিন্ন ধরনের সেচের কথা বলা হয়েছে। এই সময়কালে কেবল বৃষ্টির জলের উপরে নির্ভরশীল না থেকে, টেকসই সেচ সুবিধার ওপরও জোর দেওয়া হয়েছিল। কৌটিল্য অর্থশাস্ত্রে প্রাপ্যতা অনুসারে নদী থেকে জল পাম্পিং এর জন্য জলপাম্প বৈলমোট রহাটগাড়গে প্রভৃতি জল ব্যবস্থাপনার পাশাপাশি শস্য উৎপাদন, জলাবদ্ধতা, কাদা অপসারণ, নিয়ন্ত্রণ-সংরক্ষণ ব্যয় এবং কর ব্যবস্থারও উল্লেখ করেছেন।

• মধ্যযুগীয় মুঘল আমল

এই সময়কালে কিছু ঐতিহ্য সংরক্ষণ করেছিল যা কিছুকাল ধরে চলছিল। এরপরে অবশ্য নিজাম আমলে ভাল প্রচেষ্টা করা হয়েছিল। বিদর্ভে চন্দ্রপুর, গড়চিরলি, ভান্ডারা, নাগপুরে মালগুজারী পুকুর নির্মাণ অত্তরঙ্গাবাদ শহরে খাল প্রকল্প যেটি পাহাড় থেকে আঁকাবাঁকা পদ্ধতিতে জল আনে। চাঁদত্তয়াদ সিন্নার নলদুর্গের মতো জায়গায় নদীর জল অন্যদিকে সরিয়ে এবং এটি সংরক্ষণ করে শহরে সঞ্চয় করা, এজাতীয় কাজ করা হয়েছিল এবং অনেক জায়গায় এই কাঠামোগুলো আজও বিদ্যমান এবং এখনোও কাজ করছে।

তথ্য প্রাপ্ত করো।

ইতিহাসের বইগুলি পড়ো এবং উপলব্ধ জল সংরক্ষণের এবং জল পরিচালনার রেকর্ড সংগ্রহ করো।

• মারাঠাশাহীর আমল (কালখণ্ড)

সন্ত তুকারাম এই সময়কালের বর্ণনা দিয়েছেন...

**"খরা এলো দ্রব্য শেষ,**
**অন্ন অভাবে মরল নারী,**
**কেমনে বাঁচি লজ্জায় এ দু:খে,**
**ব্যবসাও যে গেল ছাড়ি।"**

যুদ্ধের কারণে ত্রস্ত মানুষদের এ সময়ে খরার মুখোমুখি হতে হয়েছিল। শিবাজী রাওয়ের গড়কোট জলব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপদ ছিল। অহল্যাদেবী হোলকার বন্যা সেচ ব্যবস্থাকে পুনরায় জোরদার করে ছিলেন। তীর্থক্ষেত্র নদীর তীরে ঘাট, কুপ ও বার তৈরি করেছিলেন। অহল্যাবাইয়ের আমলে জল ব্যবস্থাপনায় লোকেরা প্রচুর অভিজ্ঞতা অর্জন করেছিল।

• ছত্রপতি শিবাজী মহারাজ

দুর্গগুলিতে জলের গুরুত্ব রামচন্দ্রপন্ত অমাত্য (ছত্রপতি শিবাজী মহারাজ কর্তৃক নিযুক্ত অষ্টপ্রধান মণ্ডলের রাজনীতির প্রধান) এর আদেশ পত্রে দেওয়া হয়েছে। 'এছাড়াও কেল্লার উপর উদক (জল) দেখার পরেই দুর্গ তৈরি করা উচিত। জল নেই তথাপি নির্মাণ প্রয়োজনীয় হলে, শিলা খনন করে দুর্গটি তৈরি করা উচিত। বর্ষা অবধি পুরো দুর্গের জন্য পর্যাপ্ত জল থাকে এমন মজবুত ট্যাঙ্ক তৈরি করা উচিত, 'দুর্গগুলি তৈরি করবার পূর্বে জল সরবরাহ ব্যবস্থা করেই কেল্লা নির্মাণ করা উচিত।' এইসব ভাবনা থেকেই শিবরায়ের দূরদৃষ্টি দেখা যায়।

আদেশপত্রের পরবর্তী বক্তব্য থেকে জলের গুরুত্ব বোঝা যায় - **"দুর্গে ঝরনা আছে, যেমন তেমন জলের আপুর্তী হলেও তার উপর নিশ্চিন্ত থাকবে না। যেমন যুদ্ধে অস্ত্রশস্ত্র কম হয়ে এলে আওয়াজ মন্দ হতে থাকে তেমনি ঝরনার কলতান ধীর হয়ে এলে এই সংকট থেকে রেহাই পেতে দুর্গের তলদেশে দু'চারটি জলাধার নির্মাণ করে জাকারিয়ার জল বলে রাখতে হবে, যে জল ব্যয় হতে দেওয়া যাবে না, দুর্গের জল খুবই সযত্নে রাখতে হবে।"**

যুদ্ধের সময় গোলাবারুদ পড়ে জীবিত ঝরনাগুলি বন্ধ হবার সম্ভাবনা থাকে এর জন্য বিকল্প ব্যবস্থা রুপে প্রতিটি দুর্গে কৃত্রিমভাবে জল সঞ্চয় করা উচিত। এই সঞ্চিত জলকে 'জাকারিয়া জল' বলা হয়। সর্তকতা অবলম্বন করতে হবে যেন এই জল নষ্ট না হয়।



দুর্গের জল ব্যাবস্থাপন



খান্দেশীখাল / ফাদ (ফড) সেচ প্রনালী

## • খান্দেশীখাল / ফাদ (ফড) সেচ প্রনালী

এই পদ্ধতিটি পাঞ্জড়া, গিরনা পাশাপাশি কান জামখেলি, বুড়াই এবং আরম নদীতে পাওয়া যায়। ফাঁদ পদ্ধতিটি হল বিভিন্ন পরিবারকে ভাগ করে নেওয়া জলের বরাদ্দ, তবে একটানা জমি এবং জলের উপলভ্যতা অনুসারে সাধারন ভাবেজল ভাগ করা হয়।

নদীর জলে প্রথমে পাথরের বাঁকা বাধ নির্মাণ করে খাল, গর্ত ও বেড়া দিয়ে জমিতে সরানো হয়, ফাঁদ থেকে জল প্রবাহিত হওয়ার অতিরিক্ত জল আবার নদীতে ছেড়ে দেওয়া হয়। প্রতিটি প্লাবন ভূমির ফসল স্থির করে দেওয়া হতো। যতদূর সম্ভব শাসকরা বাঁধ নির্মাণ করে দিয়েছিলেন এবং খালের চারদিকে বাঁধ উপকৃত কৃষকরা নিজেই নির্মাণ করেছিলেন। কাদা অপসারণ, ঢাল মেরামত শ্রমের মাধ্যমে করা হতো। প্রহরীরা ছিল পাটকারি গ্রামের। বেশিরভাগ বংশগত, তাকে সমস্ত অংশীদার থেকে আয়ের হিসাবে খামারের উৎপন্নের সমান অংশ দেওয়া হতো। দুর্নীতি, অনধিকৃত ভাবে জল সরবরাহ সম্ভব ছিল না। শৃংখলা রক্ষার জন্য গ্রামে অভিজ্ঞ প্রবীণদের জল ব্যবহার সমিতি ছিল। ফাঁদ এলাকায় কূপ খনন নিষিদ্ধ ছিল, নিজস্ব ব্যবহারের পৃথক এবং স্বতন্ত্র সেচ ব্যবহার নিষিদ্ধ। অবাধ্যতার জন্য ব্যক্তি বা গোষ্ঠী বা গ্রামগুলিকে শাস্তি দেওয়া হতো।

এই ব্যবস্থায় সামাজিক সম্প্রীতি ন্যায়বিচার নিয়মকানুন আছে, জল ব্যবস্থাপনার জ্ঞান আছে, সম্মিলিত কিন্তু স্বতন্ত্র সংরক্ষনের ঐতিহ্য রয়েছে। প্রতিটি পরিবারের অর্থনৈতিক অগ্রগতি, শিক্ষা ব্যবসা-বাণিজ্য প্রতিটি পরিবারের যুবক-বৃদ্ধ সকলের বাণিজ্যসহ এটিই বিশ্বের আদর্শ জীবনব্যবস্থা আজ গ্রামের জন্য গ্রামে বাস্তবায়িত স্ব-স্ব রাজ্যশাসিত জল ব্যবস্থাপনার প্রচার করা যেতে পারে।

## • মালগুজারি হ্রদ :

বিদর্ভের চন্দ্রপুর, গডচিরোলি, ভান্ডারা, নাগপুর জেলার প্রায় 350 বছর আগে গৌড় রাজা কার্যকালে কোহলি উপজাতির লোকেরা নিজস্ব অর্থ এবং শ্রম ব্যবহার করে প্রায় 10000 হ্রদ তৈরি করেছিল।

গ্রামের চারিদিকে পুকুর ছিল, সেগুলি একে অপরের সঙ্গে খাল দিয়ে সংযুক্ত ছিল। ভারী বৃষ্টি হলে সংকটের সময় অতিরিক্ত জল ছেড়ে দেবার জন্য একটি হানা প্রস্তুত করা হতো। এটিতে মুলত: পাথরের আস্তরণ যুক্ত মাটির বাঁধগুলো কিন্তু জায়গায় কাঠের বাঁধে পাশাপাশি পিচিংয়ের জন্য কাঠ ব্যবহার করা হতো। জলের স্তর বৃদ্ধি পেয়ে যাতে গ্রামে প্রবেশ না করে সেদিকে যত্ন নেওয়া হতো। জল মেরামত সুরক্ষা ও বিতরণের জন্য উপকারভোগীদের একটি সমিতি গঠন করা হতো, অপসৃত কাদা খামারে ফেলা দেওয়া হতো, জল সরবরাহের জন্য রাজার কাছে কর প্রদান করা হতো, এবং যে লোককে সংগ্রহ করার দায়িত্ব দেওয়া হতো তাকে মালগুজার বলা হতো।



মালগুজারি হ্রদ

প্রতিটি পুকুরের আওতায় প্রায় 100 থেকে 300 হেক্টর জমি সেচের ব্যবস্থা ছিল। এখন এই পুকুরগুলিতে পরিস্কার ও সেগুলি থেকে পলি অপসারণের কাজ চলছে।

## • ধনাগার বা খাজনা কুপ বিড :

1572 সালে বিড শহর থেকে তিন কিলোমিটার দূরে 20 মিটার ব্যাসের, প্রস্তর দ্বারা একটি কুপ নির্মাণ করা হয়। এই কুপে প্রায় 212 হেক্টর জমির কৃষিকাজ সেচের আওতায় এসেছিল। পাশের পার্বত্য অঞ্চল থেকে দুটো ভূগর্ভস্থ পথে এই কুপে জল আসে। এই ভূগর্ভস্থ পথের জলের স্তর উপরে না যায় সেই জন্য জল বাইরে বের করে দেবার জন্য প্রস্তর নির্মিত একটি ভূগর্ভস্থ পথ তৈরী করা হয়েছে যেটা এর বিপরীতে বাঁকনালি পদ্ধতি ব্যবহার করে বিন্দুসরা নদীর উপরে জল বহন করে এবং এর বাইরে অঞ্চলে জল সরবরাহ করে।

ভিতরে এবং বাইরে উভয়পথে দূষিত বায়ু মুক্তি পেতে প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে। মুল বিতরণের জন্য এগারোটি দরজা রয়েছে যার থেকে 11 পাটনীতে সেচের সুবিধা আছে।



বীডের খাজানা কূপ

## • পুষ্করণী

মন্দির নির্মাণের জন্য জমি খনন করবার সময় যে প্রস্তর প্রাপ্ত হত সেই প্রস্তর ঝরঝরে করে পুকুর নির্মাণের কাজ হতো। গ্রামের পানীয় জলের জন্য, মন্দিরের মালিকাধীন খামারে দেবার্চনার জন্য ব্যবহৃত হতো। মন্দির চত্বর এবং ছাদ থেকে জল সংগ্রহ করে হ্রদে পরিণত করার একটি পদ্ধতি ছিল। নাসিক, ঔরঙ্গবাদ এবং মারাঠওয়াড়ায় মন্দিরের কাছে এ জাতীয় পুকুর পাওয়া যায়।

অজন্তার, বেরুড পিতোড় খোরে গুহাগুলির কাছে দেড়দুই হাজার বছর আগে নির্মিত পাহাড় থেকে বৃষ্টির জলের সংগ্রহ করা, অতিরিক্ত জল বহন করার জন্য পাথরের নালা, বন্যার জলরোধে জন্য বাঁধ এরূপ অনেক প্রকার ব্যবস্থা দেখা যায়। মারাঠওয়াড়া অঞ্চলে চিরকালীন খরার কারণে জল ব্যবস্থাপনার দক্ষতা প্রয়োজনীয় হয়ে দাঁড়িয়ে ছিল।

## • বক্রনালিকা

সকলেই জানে যে মাধ্যাকর্ষণ বিধি অনুসারে জল ঢালুর দিকে প্রবাহিত হয়। পাহাড় থেকে গোড়ায় জল আনতে সহজ তবে যদি বিপরীত দিকে আরোহণের বিচার করতে চাই তবে বক্র পদ্ধতিটি ব্যবহার করতে

হবে। যদি কোন উঁচু জায়গা থেকে জল নামানো হয় তবে তা আবার এক উচ্চতায় উঠে যায়।

দৌলতাবাদ দুর্গের সামনে, পাহাড়ের উপর জল আটকে দিয়ে একটি বড় মোমবাতি হ্রদ তৈরি করা হয়েছিল এবং জলের গুণধর্ম ব্যবহার করে সেখান থেকে জল পাইপের সাহায্যে নামিয়ে পুনরায় কেল্লায় চড়ানো হয়।

**● ভিল উপজাতির পাট পদ্ধতি :**

মধ্যপ্রদেশের ঝবুয়া জেলায় সাতপুড়া পর্বতের এই পদ্ধতি এখনোও প্রচুর পরিমাণে দেখা যায়। এতে পার্বত্য অঞ্চলে প্রবাহিত ঝর্ণা এবং স্রোতে পাথর বাঁধ গুলি নির্মিত হয়েছে, সেখান থেকে একটি স্রোত টানা হয় এবং নিজ নিজ খেতের দিকে জল এগিয়ে নেওয়া হয়। রাস্তার মাঝে মাঝে যদি কোনও খন্দ বা জলাবদ্ধ উপত্যকা থাকে তবে গাছের কাণ্ডটি অর্ধেক করে কেটে ফোকরের মধ্য দিয়ে জল বহন করার জন্য একটি সেতু তৈরি করা হতো এবং কোথাও গর্ত থাকলে সেগুন গাছের পাতা চাপা দেওয়া হতো। প্রতিটি প্লাবনভূমিতে 100 হেক্টর জল সরবরাহ করা হতো। পথে পাথর দিয়ে বাধা নির্মাণ করে জল অবরুদ্ধ করা হতো।

**তথ্য প্রাপ্ত করো।**

তোমার বাড়িতে প্রবীণ ব্যক্তিদের দাদু, দিদার কাছ থেকে জল এবং সংস্কৃতির কি সম্পর্ক তা জেনে নাও। এটি যাচাই করে দেখো এবং সে বিষয়ে কক্ষে আলোচনা করো।

**● ব্রিটিশ কালখণ্ড :**

এই আমলে জল ব্যবস্থাপনা সরকারের হাতে যায়। ভন্ডারদারা, খড়কবাসলা, বীর, ঔঝার, দারনার মতো অসংখ্য জলাশয় নির্মিত হয়েছিল। তবে এগুলি মূলত অর্থকারী উৎপাদনের জন্য ব্যবহৃত হতো। তাই গ্রামীণ অঞ্চলগুলিকে সেচের জন্য কেবল কুপের উপর নির্ভর করতে হতো, গ্রামের পুকুর, খাল, বাঁধ মেরামতের দিকে ব্রিটিশ সরকার উপেক্ষা করেছিল।

একসময় আমরা আমাদের দেশের সংস্কৃতি যা আমাদের দেশে গ্রামীণ অঞ্চলে আদর্শ জল ব্যবস্থাপনা এটা বোঝার ক্ষেত্রে অভাব হচ্ছে। আজও উন্নয়নের নামে আমরা কেবল নগরায়নের নতুন সমস্যা তৈরি করছি। এজন্য আবারও গ্রামগুলিকে ভারতীয় জলসংস্কৃতি পুনঃগঠনের কেন্দ্রবিন্দু হিসাবে বিবেচনা করতে হবে। আদর্শ গ্রাম নির্মাণের জন্য জল ব্যবস্থাপনার সঠিক পদ্ধতিগুলি ব্যাখ্যা করতে হবে, এটি বাস্তবায়ন করতে হবে।



ভন্ডারদারা জলাশয় (বিল্সন জলাশয়)

## অনুশীলনী

1. মানব পরিবর্তন ও পঞ্চতত্ত্বের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করো।
2. তথ্য লেখ। (ক) বরাহমিহির। (খ) পরাশর মুনি
3. প্রাচীন হ্রদ সংস্কৃতি সম্পর্কিত তথ্য লেখ।
4. ছত্রপতি শিবাজী মহারাজের সময়ে জল পরিচালনার ব্যাখ্যা দাও।
5. খান্দেশি সেচ ব্যবস্থা সম্পর্কে সংক্ষেপে লেখ।
6. মালগুজারি পুকুর এবং পুষ্করিনী সম্পর্কে তথ্য দাও।
7. জল এবং সংস্কৃতির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করো।

# বিভাগ (ঘটক) 1. জলশিক্ষা / জলশিক্ষণ

## প্রকরন 3 : জলের পরিমাপ

**একটু মনে করো।**

1. জলচক্রটি কি?
2. জল কিভাবে পরিমাপ করা হয়?

ভূগর্ভস্থ জলের যথাযথ সংরক্ষণের জন্য পরিমাপ সঠিক পদ্ধতিতে করা আবশ্যক। ভূগর্ভস্থ সমস্ত জলের উদ্ভব যেহেতু জলচক্র থেকে জলচক্রে সমাবিষ্ট বাষ্প, বৃষ্টি, প্রবাহিত জল, স্থির জল, অচল জলের মতো সমস্ত উপাদানগুলির পরিমাপ করতে হবে।

### • বৃষ্টিপাত পরিমাপ :

'বৃষ্টিপাত পরিমাপ করতে ব্যবহৃত যন্ত্রকে বৃষ্টিপাত মাপন (Rain-guage) যন্ত্র বলা হয়।'






বৃষ্টিপাত মাপকের কাঠামো এবং যন্ত্র (Rain guage)

### বৃষ্টিপাত মাপকের কাঠামো :

বৃষ্টিপাত পরিমাপকে একটি নলাকার সমতল তলার মাপার কাপ (চুঙি) থাকে। এই স্কেলের কিছু অংশ মাটির ভিতরে থাকে। মাটির উপরে থাকা নলাকার ভাগটিতে আরেকটি গোলক রয়েছে যেটা কিনা বাইরে বের করা এবং ভিতরে রাখতে পারা যায়। নলের পাইপ থেকে পড়া জল জমা করার জন্য এটিতে একটি কাচের বোতল রয়েছে। উপরের দিকটা চুঙির (কাপ) আকারের মত হয়ে থাকে। এই চুঙির মুখটি 127 মি.মি. (5 ইঞ্চি) ব্যাসের এবং প্রান্তটি 110 মি.মি.(4.5 ইঞ্চি) দৈর্ঘ্যের বৃষ্টির সময় যদি বাতাস থাকে তবে প্রান্তটি উঁচু হয় যাতে বৃষ্টির জল নিচে থেকে পড়ে না যায়। মাপকের শীর্ষ প্রান্তটি মাটি থেকে 70.5 সেমি.(12 ইঞ্চি) উপরে থাকে। মুখের উপর পড়া বৃষ্টির জল একটি সরু নল দিয়ে নেমে আসে এবং একটি নলাকার পাত্র বা কাচের বোতলে সংগ্রহ হয়। নলাকার পাইপের ব্যাস খুব ছোট করে তৈরি করা হয় যাতে বৃষ্টির জল বাষ্প হয়ে না যায়।

জলপরিমাপ করার সময়, উচ্চতাটি তার স্তরের নিচের প্রান্তটি দেখে লিপিবদ্ধ করা উচিত। বোতলের জলে একটি জল অশোষনকারী প্লাস্টিকের অংশঙ্কিত পট্টিটি ডুবিয়ে উচ্চতাটি পরিমাপ করা যেতে পারে। প্রতিদিনের বৃষ্টিপাত পরিমাপের জল নির্দিষ্ট সময়ে (ভারতীয় প্রমাণিত সময় সকাল 8.30) প্রতিদিন একবার পরিমাপ করা হয়। কিছু জায়গায় এই জাতীয় পর্যবেক্ষনগুলি দিনে কয়েকবার করা হয়। এইভাবে, সাপ্তাহিক এবং মাসিক বৃষ্টিপাতের মাপ তৈরি করা হয়। জল সংরক্ষণের নলাকার পাত্রগুলি বড় আকারের হয়ে থাকে। অতিরিক্ত জল সঠিকভাবে পরিমাপ করতে, সংগ্রহ করা জলের ওজন করে এবং বৃষ্টিপাতের পরিমাণ নির্ধারণ করে এই পদ্ধতির কারণে পাত্র থেকে মাপক পাত্রে ঢালার সময় নিকাশী জল এবং পাত্রে লেগে থাকা জল মাপন করার সম্ভাবনা থাকেনা।

**অনুসন্ধান করো।**

1. মহারাষ্ট্রে সর্বোচ্চ বৃষ্টিপাতের স্থান।
2. মহারাষ্ট্রে সর্বোচ্চ গড় বৃষ্টিপাতের স্থান।

## ● বাষ্পীভবন পরিমাপ

বাতাসের শুষ্কতা, তাপ এবং বায়ুর উচ্চ এবং নিম্ন পরিমাণ বাষ্পীভবনের পরিমাণ নির্ধারণ করে।

ভূগর্ভস্থ জলের বাষ্পীভবনের হার ভূগর্ভস্থ জল বা অন্য কোন জলের চেয়ে বেশি। বর্তমানে রাজ্যে প্রচুর পরিমাণে জল রয়েছে যা বাষ্পীভবন দ্বারা নষ্ট হয়ে যায়।

বাষ্পীভবন পরিমাণ বাষ্পীভবন মাপক যন্ত্র দ্বারা গণনা করা হয়, এর জন্য লোহার বৃত্তাকার একটি অগভীর পাত্র 1.2 মিটার ব্যাস এবং 30 সেমি.গভীর, নিচে বাতাস প্রবেশের স্থান, উভয় পাশে সাদা রঙের কাঠের ফ্রেমে স্থাপন করে ব্যবহার করা হয়। পাত্রের মাঝখানে দেখতে পাওয়া যায় এমন পরিমাপকারী একটি টেপ স্থাপন করা হয়। বাষ্পীভবনের কারণে সারাদিনের ঘাটতির পূর্ব পরিমাপ করা হয়। জল ঢেলে প্রতিদিন সকালে আটটায় গণনা করা হয়।

বাষ্পীভবন ইঞ্চি বা মিলিমিটারে পরিমাপ করা হয়। ধারক পাত্রের বাষ্পীভবন এবং মাটিতে বাষ্পীভবনের মধ্যে পার্থক্যের জন্য গুণাঙ্ক ব্যবহৃত হয়। এটি পশ্চিম মহারাষ্ট্র এবং কোঙ্কনের জন্য 0.65 এবং মারাঠওয়াড়া বিদর্ভের জন্য 0.8 হিসাবে ব্যবহৃত হয়। এটি খুব গুরুত্বপূর্ণ যে প্রতিটি গ্রামে কমপক্ষে এক জায়গায় বাষ্পীভবন পরিমাপ করার সুবিধা থাকে। এটি জল পরিকল্পনার জন্য ব্যবহৃত হয়।



বাষ্পীভবন পরিমাপযন্ত্র

**অনুসন্ধান করো।**

1. মহারাষ্ট্র রাজ্যের গড় বাষ্পীভবনের হার কত?
2. মহারাষ্ট্রে কোন জেলায় সবচেয়ে কম বাষ্পীভবন হয়?
3. মহারাষ্ট্রের কোন জেলায় সর্বাধিক বাষ্পীভবন হয়।
4. মহারাষ্ট্রের কোন জেলায় বাষ্পীভবনের হার বৃষ্টিপাত থেকে অপেক্ষাকৃত বেশি।

## ● ভূপৃষ্ঠের প্রবাহ পরিমাপ

প্রবাহিত জলের পরিমাপ করতে বিভিন্ন যন্ত্র ব্যবহার করে যেমন অরফিস, মিটার-গেট ভায়র্স, ফ্লুমস এবং ভি-নাচ।

### ভি-নাচ পদ্ধতি (V–notch method)

এই পদ্ধতি একটি কাঠের বা লোহার তক্তা যা কেন্দ্রের একটি ভী (V)- আকৃতির ত্রিভূজাকার খাঁজযুক্ত (90 কোন সহ) ছোট থেকে বড় আকারের ভী-নাচ কমবেশি জল প্রবাহের জন্য ব্যবহৃত হয়। এই প্লেটটি স্রোতের দিকে অনুভূমিকভাবে স্থাপন করা হয়। (যাতে পুরো প্রবাহটি পরিখা দিয়ে যায়) এটি ব্যবহার করে লিটার প্রতি সেকেণ্ড এই এককে (V-notch) জলের প্রবাহ পরিমাপ করা যায়। আয়তক্ষেত্রাকার বা সমলম্ব চৌকোনাকার খাঁজ ব্যবহার করে মান (Value) বের করা যেতে পারে তবে সে ক্ষেত্রে প্রবাহের সূত্রগুলি আরোও জটিল হয় তাই ত্রিভূজাকার খাঁজ বেশি ব্যবহার করা হয়।




V-notch

### অবশোষিত জল (জলাবদ্ধতা) পরিমাপ

বরাদ্দ ভূমিতে যেখানে মাটির জল ব্যাপ্তিযোগ্যতা পরীক্ষা হয় সেখানে 30 সেন্টিমিটার ব্যাস এবং 30 সেন্টিমিটার উচ্চতা আর একটি লোহার বৃত্ত (Metal Ring) স্থাপন করা হয় যা 15 সেন্টিমিটার জমির ভিতর থাকবে এবং এটি সোজা থাকবে এবং 30 সেন্টিমিটার উচ্চতার একটি বৃত্তাকার বাঁধ তৈরি করা হবে। বৃত্ত এবং বাইরের দিকটা একেবারে জল ভরে নিয়ে প্রতি 5 মিনিটে জলের স্তর কতটা নিচে নেমে যায় এবং তা পুনরায় পূরণ করা যায় তা রেকর্ড করতে ঘড়ির সময় নির্দশন করা হয়। ধীরে ধীরে সমস্ত সময় যোগ করা এবং জলের স্তর যোগ করা হয়। এটি দিয়ে প্রতি ঘন্টায় মাটিতে কতটা জল শোষণ হয় তা গননা করা যায়।




জলাবদ্ধতা পরিমাপ পদ্ধতি

### • ভূপৃষ্ঠজল সঞ্চয়ের পরিমাপ

মহারাষ্ট্র রাজ্যটি এটি উষ্ণমণ্ডলীয় জলবায়ুর অন্তর্গত। মহারাষ্ট্রের পশ্চিমে আরব সাগর, মহারাষ্ট্রের অক্ষবৃত্তিয় বিস্তার দক্ষিন-পশ্চিম এবং উত্তর-পূর্ব মৌসুমি বায়ু এবং পূর্বে মালভূমি অঞ্চল সমস্তই মহারাষ্ট্রের জলবায়ুকে প্রভাবিত করে। মহারাষ্ট্রে জুন থেকে সেপ্টেম্বর অবধি দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু থেকে সর্বাধিক 85% বৃষ্টিপাত হয়। বর্ষা সেপ্টেম্বর থেকে যাত্রা শুরু করে এবং দেশের সব জায়গা থেকে অক্টোবরের মধ্যে চলে যায়। তাই অক্টোবরকে বলা হয় 'ক্রান্তিকাল'। অক্টোবর থেকে জানুয়ারি উত্তর-পূর্ব বর্ষা থেকে বৃষ্টি হয়, যাকে পুনরাবৃত্তি (আশ্বিনের ঝড়) বৃষ্টি বলা হয়। রাজ্যের বার্ষিক গড় বৃষ্টিপাত প্রায় 1360 মিমি. বৃষ্টিপাত তবুও রাজ্যের বিভিন্ন জায়গায় বৃষ্টিপাত পরিবর্তিত হয়। শেষাদ্রি পর্বতে বৃষ্টিপাতের পরে, বাতাস যখন পূর্ব দিকে প্রবাহিত হতে শুরু করে, তাদের বাষ্প ধরে রাখার ক্ষমতা বৃদ্ধি পায় যার ফলস্বরূপ মালভূমিতে বৃষ্টিপাত দ্রুত হ্রাস পায় এবং এই অঞ্চলে বৃষ্টিচ্ছায়া অঞ্চল তৈরি হয়।

কোঙ্কনে গড় বার্ষিক বৃষ্টিপাত 2000 থেকে 3500 মিমি এবং রাজ্যে মানুষের ব্যবহারের জন্য প্রাপ্ত প্রায় 55% জলের একমাত্র কোঙ্কনে উপলব্ধ। কোঙ্কন ছাড়া মহারাষ্ট্রে অর্থাৎ পশ্চিম মহারাষ্ট্র, মারাঠওয়াড়া এবং বিদর্ভে মানুষের ব্যবহারের জন্য উপলব্ধ জল থেকে কেবল 45% জল পাওয়া যায়। শেষাদ্রীর পূর্বঢালে বৃষ্টিচ্ছায়াযুক্ত অঞ্চলে বৃষ্টিপাত মাত্র 450 মিমি এবং রাজ্যের পূর্ব অংশে এটি 1000 থেকে 1400 মিমি পর্যন্ত বৃদ্ধি পায়।

মহারাষ্ট্রে খরা প্রবণ অঞ্চলের ক্ষেত্রফল প্রায় 61,600 বর্গকিলোমিটার। এখানে বৃষ্টিপাত 300 থেকে 500 মিমি পর্যন্ত হয়। মহারাষ্ট্রের মোট আয়তনের 20% খরা প্রবণ অঞ্চলে পড়ে যা রাজ্যের মোট জনসংখ্যার 6% (ছয় শতাংশ)।

**অনুসন্ধান করো।**

1. মহারাষ্ট্রের পাঁচটি প্রধান খরা প্রবণ জেলা কোনটি ?
2. মহারাষ্ট্র রাজ্যের পাঁচটি প্রধান বৃষ্টিপাত জেলা কোনটি ?
3. মহারাষ্ট্রে গড় বার্ষিক বৃষ্টিপাতের সাথে শীর্ষ পাঁচটি জেলা কোনটি ?

**ইন্টারনেট আমার বন্ধু**

1. বৃষ্টিপাত এবং জমির ধরণ অনুসারে মহারাষ্ট্রের প্রধান বিভাজনগুলি প্রদর্শন করে একটি মানচিত্র পাওয়া যাবে।
2. প্রাপ্ত মানচিত্রের ভিত্তিতে শ্রেনীতে Powerpoint Presentation উপস্থাপনার মাধ্যমে তথ্য উপস্থাপন করো।

**• মহারাষ্ট্রেরর জলের উপলব্ধতা :**

মহারাষ্ট্রের জলের প্রয়োজনীয়তা প্রতি বছর গড় 5782.8 টিএমসি যেমন কি ভারতের মোট জলের প্রাপ্যতার 14.59% হয়। এর মধ্যে 76.91% মানে 4447.8 টিএমসি জল প্রত্যক্ষ ব্যবহারের জন্য উপলব্ধ হয়। অর্থাৎ ভারতের মোট তুলনায় 29.10% জল কেবল মহারাষ্ট্রেই পাওয়া যায়।

এইভাবে বৃষ্টির জলের দ্বারা প্রাপ্য জল আমরা সরাসরি ব্যবহার এবং ভূগর্ভস্থ জলের আকারে এই বৃষ্টিপাতের জল পাই।

1. **সরাসরি ব্যবহার :** বৃষ্টি পড়ার সঙ্গে সঙ্গে তার ব্যবহার হওয়া।
2. **ভূপৃষ্ঠ জমা জল :** নদী, দিঘী, বাঁধ, হ্রদ, সরোবর ইত্যাদি কাঠামো দ্বারা অবরুদ্ধ ও জমির উপর জমা জল।
3. **ভূপৃষ্ঠের জমা জল :** বৃষ্টিপাত পড়ার পর ও তা অবরুদ্ধ হলে যে জল জমি শোষন করে তা ঝর্না, কূয়া, নলকূপের মাধ্যমে পুনরায় ব্যবহার করা যায় এই জল।

মানুষের ব্যবহারের জন্য জলের দুটি প্রধান উৎস হচ্ছে **ভূ-পৃষ্ঠের জল এবং ভুগর্ভের জল** তবে সত্যি অর্থে দুটি ভিন্ন উৎস না হলেও পরস্পর পরিবর্তন যোগ্য। সুতরাং, পরিকল্পনার ক্ষেত্রে তাদের একসাথে হিসাব করা দরকার। যাই হোক, যখন জলের প্রাপ্যতার তুলনায় কম হয়, তখন উভয় ক্ষেত্রেই আলাদা ভাবে জলের জন্য বিবেচনা করা এবং হিসাব করা সম্ভব। তবে এখন যেহেতু জলের ব্যবহার জলের প্রাপ্যতার তুলনায় দ্রুত বাড়ছে, তখন দুই অবস্থার পরস্পর নির্ভরশীলতা একসাথে বিবেচনা করা প্রয়োজন।

### • মহারাষ্ট্র রাজ্যের সামনে জল আহ্বান :

মহারাষ্ট্রের ভৌগলিক ক্ষেত্রফল দেশের প্রায় 9.37% এবং ভারতের মোট জলসম্পদের প্রায় 14.59% মহারাষ্ট্রের জন্য উপলব্ধ আছে। সংক্ষেপে, মহারাষ্ট্রে প্রাকৃতিকভাবে প্রচুর পরিমাণে জলের সংস্থান রয়েছে তবে সঠিক পরিকল্পনা ও ব্যবস্থাপনার অভাবে রাজ্যে জলের সমস্যা আরও খারাপ হচ্ছে এবং বারবার খরা পরিস্থিতি নির্মাণ হচ্ছে। রাজ্যে খরা পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ, আর মারাঠওয়াড়ার কাছে প্রায় 38.63% গ্রামকে খরা ক্ষতিগ্রস্থ হিসাবে ঘোষণা করা হয়েছে। এ ছাড়া খরা প্রবন ঝুঁকিপূর্ণ অঞ্চলে ফসল পুড়ে ছাই হয় ফলের বাগান, মানুষের পাশাপাশি পানীয় জলের জন্য পশু পাখির সুবিধা এবং বৃষ্টিপাত বন্ধ হওয়ার সাথে সাথে পশুর শিবির এখন দৃশ্যমান হয়। এর কয়েকটি মূল কারন নীচে দেওয়া হয়েছে।

### 1. জল সম্পত্তির অসম বন্টন :

রাজ্যে বৃষ্টিপাতের বিতরণ অসমান হওয়ায় অর্ধেকের বেশি বৃষ্টিপাত কোঙ্কনে পড়ে। সেজন্য রাজ্যের প্রায় 126 টি তালুকায় স্থায়ী খরার পরিস্থিতিতে আছে। মহারাষ্ট্রের পশ্চিমে শেষাদ্রী পর্বতমালার জন্য আরব সাগর থেকে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বাতাসকে অবরুদ্ধ করে, ফলে কোঙ্কন উপকূলে 2000 থেকে 3500 মিমি বৃষ্টিপাত হয় এবং শেষাদ্রী পর্বতমালার পূর্বে থাকা পশ্চিম মহারাষ্ট্রে এবং বিদর্ভে 500 থেকে 750 মিমি এবং 1000 থেকে 1400 মিমি এত অল্প বৃষ্টি হয়।

### 2. কার্যকারী পরিকল্পনার প্রয়োজন :

গত 100 বছরের বৃষ্টিপাতের পরিসংখ্যান বিবেচনা করে, রাজ্যে গড় বৃষ্টিপাত খুব কম পাওয়া যায় না। ভারতের মহারাষ্ট্রে 14.59% জল পাওয়া যায় এবং অন্য দেশের তুলনায় 29.10% ব্যবহারযোগ্য জল একা মহারাষ্ট্রে পাওয়া যায় তবে জনসংখ্যা পাঁচগুন অপেক্ষা অধিক বৃদ্ধি পাচ্ছে, তবে আজও মহারাষ্ট্রের প্রায় 80% কৃষিক্ষেত্র শুখা (শুকনো) অবস্থায় আছে। এগুলি ছাড়াও, রাজ্যের প্রায় 1,500 গ্রাম এবং 4,305 দুর্গগুলি প্রতি বছর পানীয় জলের অভাবের মুখোমুখি হচ্ছে, তাই জলের সংস্থানগুলি আরও কার্যকরভাবে পরিকল্পনা ও পরিচালনা করা দরকার।

### 3. ভূপৃষ্ঠ জলের উপেক্ষা এবং খরার সংকট :

ভূপৃষ্ঠের জলের সংস্থান এবং প্রাপ্যতা মূলত বৃষ্টিপাত, স্থলভাগের অবস্থা এবং ভূতাত্ত্বিক স্থিতির উপর নির্ভর করে। রাজ্যের পৃষ্ঠতলের প্রাপ্ত বৈচিত্রটি মোট এলাকার $\frac{1}{3}$ পাহাড়, $\frac{1}{3}$ খরা প্রবণ এবং $\frac{1}{3}$ অতিরিক্ত বৃষ্টিপাতের অঞ্চল এই প্রকারের আছে। একই সময়ে, অন্যান্য ভূতাত্ত্বিক কাঠামোর (92% শক্ত শিলা), বৃষ্টিপাতের ওঠানামা এবং আঞ্চলিক বিচ্যুতির মতো জটিল প্রাকৃতিক অবস্থার কারণে, রাজ্যে ভূপৃষ্ঠীয় এবং ভূগর্ভস্থ জলের প্রাপ্যতায় বিবিধতা দেখা যায়।

মহারাষ্ট্রে এখনও অবধি 40.58 লক্ষ ক্ষেত্র সেচের আওতায় এসেছে। ভূগর্ভস্থ জলের অবদান 11.63 লক্ষ হেক্টর। বাকি 28.75 লক্ষ হেক্টর এলাকা ভূগর্ভস্থ জলের উপর নির্ভরশীল। এর অর্থ হল প্রায় 70% সেচ ভূগর্ভস্থ জলের উপর নির্ভরশীল। দেশেও এর হার প্রায় একই রকম। সংক্ষেপে, সেচের জন্য ভূগর্ভস্থ জলের উপর নির্ভরশীল। রাজ্যের মোট ভূগর্ভস্থ জলের 85% এরও বেশি জল সেচের জন্য, 10% পর্যন্ত শিল্প ব্যবহারের এবং 5% পর্যন্ত পানীয় জলের জন্য। আজ রাজ্যে পানীয় জল ছাড়া অন্য কোনও ব্যবহারের জন্য নলকূপের অনুমোদিত সংখ্যা উপলব্ধ নেই। তবে, মহারাষ্ট্র জল ও সেচ কমিশন অনুমান করেছে যে তাদের সংখ্যা পাতকুয়ার সমান সমান 20 লক্ষের সমান হওয়া উচিত। এর মাধ্যমে প্রচুর পরিমাণে ভূগর্ভস্থ জলের উত্তোলন করা যেতে পারে।

**একটু ভেবে দেখো।**

1. ভূগর্ভস্থ জলের বিস্তৃতি যদি উপরের মতো চলতে থাকে তবে মহারাষ্ট্রের ভবিষ্যতের পরিস্থিতি কী হবে?
2. ভূগর্ভস্থ জলের উত্তোলন নিয়ন্ত্রণের জন্য আপনি কী কী পদক্ষেপের পরামর্শ দিচ্ছেন?

### 4. শহরীকরন ও শিল্পায়নের জন্য বাড়তি জলের চাহিদা :

বর্দ্ধিতমান জনসংখ্যার পাশাপাশি উচ্চতর জীবনযাত্রার মান, কর্মসংস্থান এবং জলের অভাবের কারণে পল্লীর জনসংখ্যা শহরাঞ্চলে স্থানান্তর হচ্ছে। এর কারণে শহরাঞ্চলে পানীয়জল, শিল্প ও ঘরোয়া ব্যবহারের জন্য জলের চাহিদা বাড়ছে। রাজ্যের ব্যবহারযোগ্য জলসম্পদের মধ্যে গত দশকে আরও বেশী জল সেচের জন্য ব্যবহৃত হতো তবে এখন বিনা সেচের জন্য জলের ব্যবহার খুব বাড়ছে দেখা যায়। বর্তমান, রাজ্যের শিল্পগুলিতে প্রতিদিন 194 কোটি লিটার জলের প্রয়োজন হয়। এর মধ্যে 128.6 লিটার জলের ব্যবহার কেবল শিল্প ক্ষেত্রের জন্য ব্যবহৃত হয়। শিল্প প্রকল্পগুলির জন্য ব্যবহৃত মোট জলের প্রায় 65% জল প্রকল্পগুলি থেকে সেচ সরবরাহ করা হয় এবং শিল্প কর্পোরেশনগুলির প্রকল্পগুলি থেকে 34% জল পাওয়া যায়। 1% অন্যান্য উৎস থেকে জল প্রাপ্ত হয়।

### 5. জল সেচের ক্ষমতার অপর্যাপ্ত ব্যবহার :

রাজ্যে আজ মোট 3,910 রাজ্য পর্যায়ের সেচ প্রকল্প (87 বড়, 297 মাঝারি, 3,526 ছোট) কাজ পূর্ণ হয়েছে। তাদের মোট নির্মাণ এবং উপযুক্ত সংরক্ষণ ক্ষমতা যথাক্রমে 48,705 দলঘমি (1,720 TMC) এবং 40,897 দলঘমি (দশলক্ষ ঘনমিটার) (1,445 TMC) আছে। রাজ্যের সন 1960-61 থেকে 2010-11 এই সময়ের মধ্যে, ফসলের আওতায় মোট সেচ ক্ষেত্রটি 6.48% থেকে 20.60% এ উন্নীত হয়েছে। এর বাইরে কাজগুলিতে বিলম্বের কারণে প্রকল্পগুলির সেচ ক্ষমতা সম্পূর্ণরূপে ব্যবহার হয় না, প্রকল্পগুলি সমাপ্ত হতে বিলম্ব হওয়ায় একদিকে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায় এবং অন্যদিকে সেচের প্রত্যাশিত বৃদ্ধি ঘটে না, এছাড়াও সেচ প্রকল্পগুলিতে পলিমাটির কারণে অনেক প্রকল্পের জল সঞ্চয়ের ক্ষমতা হ্রাস পেয়েছে।

### 6. জলের অনুপযুক্ত এবং অতিরিক্ত ব্যবহার :

মহারাষ্ট্রের খরা প্রবণ গ্রামগুলিতে গ্রামের মানুষকে এক পাত্র পানীয় জলের জন্য ঘুরতে হয়। কোন কোন শহরে নলের জল সপ্তাহে একবার, পাক্ষিক এবং কিছু জায়গায় মাসে একবার আসে। বিপরীতে, রাজ্যের কয়েকটি শহর অঞ্চলে মাথাপিছু প্রায় 250 লিটার জল অতিরিক্ত ব্যবহার করা হয়। শহরে জনসংখ্যা বৃদ্ধি এবং অতিরিক্ত জলের ব্যবহারের কারণে জল সমৃদ্ধ শহরগুলির জন্য জলের ব্যবহারের সংরক্ষণ বাড়ছে এবং কৃষিক্ষেত্রের পাশাপাশি গ্রামাঞ্চলে পানীয় জলের সমস্যা মারাত্মক হয়ে উঠছে। সেচযুক্ত অঞ্চলের কৃষকরা এখনও আখের মতো ফসলে অবাধে সেচ দেয়। ফলস্বরূপ, জল অপচয় হয় এবং একই সময়ে অতিরিক্ত লবনগুলি জমিতে উপরের স্তরে জমা হয়। যার ফলে মাটি লবনাক্ত এবং বন্ধ্যা হয়। এর ফলে ফসলের ফলন হ্রাস পায়।

## 7. জলপ্রদূষণ :

জলপ্রদুষণ বর্তমান মহারাষ্ট্রের অন্যতম প্রধান জলের সমস্যা। জল প্রদূষণ শিল্প ও কারখানাগুলি থেকে নিকাশী, রাসায়নিক বর্জ্য পদার্থ, ঘরোয়া নর্দমার জল, নোংরাজল, নদী, নালা ইত্যাদির প্রবাহে প্রবাহিত করা হয়, পাশাপাশি জলের স্রোতে কাপড়, পশুপাখি, যানবাহনের ধোঁয়া, ধর্মীয় আচার, অস্থি বির্সজন দেওয়া ইত্যাদির কারণে উৎসগুলির জল দূষিত হয়। রাজ্যের মুম্বই, ঠানে, পুণে ঔরঙ্গবাদ, নাগপুর এবং অন্যান্য শহরগুলিতে জলদূষণের সমস্যা এতটাই মারাত্মক হয়ে উঠেছে যে কিছু জায়গায় নদী, জলাধার, নর্দমার জলের চেহারা অর্জন করেছে। জলদূষণের কারণে অনেক ক্ষতিকারক পদার্থ এবং রাসায়ন পানীয় জলের মধ্য দিয়ে মানব এবং প্রাণীদের শরীরে প্রবেশ করে এবং বিভিন্ন রোগের কারণ হয়। প্রদূষিত জল পান করার কারণে জণ্ডিস, টাইফয়েড, কলেরা, চর্মরোগ ইত্যাদি হয়ে থাকে এবং মৃত্যু পর্যন্ত হতে পারে। এই সমস্যাটি সমাধান করা অত্যন্ত জরুরী।

### পর্যবেক্ষণ করো এবং আলোচনা করো

নিচের চিত্রটিতে দেখানো বিভিন্ন ঘটনা পর্যবেক্ষণ করে ক্লাসে জলের পরিস্থিতি এবং সমস্যাগুলির ব্যবহার সম্পর্কে আলোচনা করো।



## • বর্তমান জল সংকটের সমাধান :

বিদ্যমান জলের সংস্থান সমূহের প্রতিকার কৃষিক্ষেত্রে খামার, শিল্প ও নগর অঞ্চলে পর্যাপ্ত জল সরবরাহ করে রাজ্যের জল সংকট নিরসনের প্রচেষ্টা করা দরকার। জল সংরক্ষণ, ভূগর্ভস্থ জলের পূর্নভরন, দূষিত জলের পরিশোধন, চাষের জন্য বিন্দু, তুষার এবং ক্ষুদ্র-সেচ ব্যবস্থা, সেচ ক্ষমতার পূর্ণ ব্যবহার, জলের নিরীক্ষণ, জল সাক্ষরতা ইত্যাদি বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা তৈরি করার প্রয়োজন।

### বর্তমান জলসংকটের সমাধানের কয়েকটি উৎকৃষ্ট উদাহরন :

1. **দেবসানে (মাঞ্জরপাড়া) প্রকল্প :** মহারাষ্ট্রে বেশিরভাগ বৃষ্টিপাত কোঙ্কনে হয় এবং জল পশ্চিমদিকে বয়ে যায়। পশ্চিম অংশে বয়ে যাওয়া জল তীব্র গতিতে প্রবাহিত হবার পূর্বে শেষাদ্রী পাহাড়ের চূড়ায় ছোট বাঁধ নির্মাণের ফলে জল অবরুদ্ধ করা গেছে। নাসিক দিণ্ডোরি তালুকা পশ্চিমে প্রবাহিত জলটি পূর্ব দিকে সরিয়ে আনা হয়েছে। পশ্চিম বাহিনী নদীর প্রবাহিত জলের জন্য এই অভিনব প্রকল্প বাস্তবায়িত করা হয়েছে এর জন্য প্রায় 10 কিলোমিটার দীর্ঘ সুড়ঙ্গ তৈরী করে পূর্বদিকে সরানো হয়েছে।



দেবসানে (মাঞ্জরপাড়া) প্রকল্প : সুড়ঙ্গ

2. **বাঁধ ও জলশয়ের কাদা ব্যবহার :** জলাশয় এবং হ্রদে জমা কাদামাটি জলের সংরক্ষণের ক্ষমতা হ্রাস করে। বুলঢানা জেলা ও রাজ্যের অন্যান্য জায়গায় মহাসড়ক ভরাট ও কৃষিক্ষেত্রের জন্য এ জাতীয় কাদা অপসারণ করে ব্যবহার করা হয়েছে। এর ফলে জল জমা করার ক্ষমতা বাড়িয়ে তুলতে সহায়তা করেছে। সরকার সময়ে সময়ে কৃষকদের বিনা মূল্যে বাঁধ ও হ্রদ থেকে পলি অপসারণ করার সম্মতি দেয়। এটি চাষের জমিকে উর্বর করে তোলে। বাঁধ এবং হ্রদের জমাজল বৃদ্ধি করে।

### তোমরা জান কি ?

পুণে নগরের নিকটবর্তী খড়কওয়াসলা বাঁধের উপর যে প্রয়োগ করা হয়েছিল।

আশেপাশের অঞ্চলে পলিমাটির কারনে মুঠা নদীর তীরে নির্মিত খড়কওয়াসলা বাঁধের জলের ধারন ক্ষমতা খুব হ্রাস পেয়েছিল। এটি আবার পুর্বানুরূপ হোক, নতুন কাদামাটি পুনরায় বয়ে না আসে তার প্রতিরোধে লোকসহভাগ দ্বারা গ্রীন থাম্বস পুণে সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই সংস্থাটি, পুণেতে সামরিক, স্কুল ও কলেজের শিক্ষার্থী, স্থানীয় বাসিন্দা এবং শিল্প সংগঠনের সহায়তায় এই কাজটি শুরু করেছিল এবং এটি আজও প্রবলভাবে চলছে। দেশের জলাধার বাড়ানোর জন্য নতুন বাঁধ নির্মাণ করা আর সম্ভব না হওয়ায় প্রকল্পটি দেশের বিভিন্ন নদীর অববাহিকায় একটি দৃষ্টান্ত রূপে সামনে এসেছে। এই কাজের নেতৃত্ব দিয়েছিলেন অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা কর্নেল সুরেশ পাটীল এবং তাঁর সহযোগীরা, যারা গ্রীন থাম্বসের মাধ্যমে প্রকল্পটি স্থাপন করেছিলেন।

3. **অল্পখরচে পাষাণ হ্রদ :** তুমি তোমার চারপাশে প্রচুর নির্মাণকাজ দেখতে পাও। রাস্তার কাজ চলছে, এর জন্য প্রয়োজনীয় পাথরের টুকরো বড় পাথর থেকে তৈরি হয়। পাথরকে ছোট টুকরোতে রূপান্তরিত করার জন্য যে যন্ত্র তাকে পেষণকারী যন্ত্র বলা হয়। এই পাথরগুলি খনি থেকে পাওয়া যায়। যে খনিগুলি থেকে পাথর উত্তোলন করা হয় সেখানে একটি

গভীর গর্তের সৃষ্টি হয়। একে পাথর খনি বলা হয়। পাথরের খনিগুলি থেকে যথাযথভাবে পাথর কাটলে এই পাথরের খনিগুলিতে জলাশয় তৈরী হতে পারে।

এইভাবে একটি পাথর খনি থেকে জল সংরক্ষণ এবং ব্যবহারের ধারণাকে বলা হয় পাষান হ্রদ। যেমন গ্রামাঞ্চলে প্রায় 1 কিলোমিটার দৈর্ঘ্যের 6 ইঞ্চি পুরু এবং 10 ফুট প্রস্থের কাঁচা রাস্তাটির জন্য প্রায় 160 ব্রাস পাথরের টুকরোর প্রয়োজন এবং আলগা পাথরগুলি সরাতে প্রায় 144 ব্রাসের গর্ত খনন করতে হবে। এতে প্রায় 4 লক্ষ লিটার জল ধারণ করে। যদি 5 কিলোমিটার রাস্তাটি তৈরি করা হয় তবে প্রায় 20 লক্ষ লিটার জল প্রয়োজনীয় গর্তে সংরক্ষণ করতে পারবে।

এই পাষান হ্রদগুলিতে প্রাকৃতিক ভাবে বৃষ্টির জল জমা হয়। এর ফলে বর্ষাকালে পাহাড়ের ঢালু থেকে প্রাকৃতিকভাবে প্রবাহিত জল সঞ্চয় করে। এই পাষাণ হ্রদের জল যথাযথ প্রক্রিয়ার পরে পান করার জন্য ব্যবহৃত হয়। পাথর খনিগুলির যথাযথ খননের ফলে অগনিত পাথরখণ্ড থেকে পাষান হ্রদে রূপান্তর হয়। পাথর খনি থেকে পাথর খনন করার সময় নিম্নলিখিত বিষয়গুলি মাথায় রাখা উচিত।

অ. ঢালু সহ একটি উপযুক্ত জায়গা নির্বাচন করা উচিত।

আ. পাথর খনি 6 মিটার গভীরতায় খনন করতে হবে এবং যথাযথ আকার দিতে হবে।

ই. খনিতে নামার জন্য 45 ডিগ্রী অপেক্ষা কম ঢালু হওয়া উচিত।

ঈ. সুরক্ষার জন্য, ধারালো পাথর সরানো উচিত এবং খনিটির বেড়া দেওয়া উচিত।

এভাবে নতুন পাথর খনি সঠিকভাবে খনন করে বা পুরাতন পাথর খনিগুলি মেরামত করে কম খরচে একটি পাষাণ হ্রদ তৈরি করা যায়।

### পাষাণ হ্রদ

**বোরঘর হাভেলি তালুকা- তলা, জেলা- রায়গড় :** এখানে সমাজকল্যাণ বিভাগের ছাত্রাবাস রয়েছে। জলের অভাব দুর করার জন্য তৎকালীন কর্মকর্তা শ্রী.প্রমোদ জাধব ও শ্রী.সন্দীপ কদম পাথর সরিয়ে ওই অঞ্চলের পুরানো পাথর খনি পরিস্কার করে ছিলেন এর ব্যয় নয় হাজার টাকা হয়েছিল। এই জল ব্যবহার করার ফলে, ট্যাংকার দিয়ে জল আনার দরকার পড়ে না। এছাড়াও প্রচুর জলের প্রাপ্যতার কারণে, ছাত্রাবাসের অঞ্চলে সবুজ রঙের গাছ দেখা যায়।



পাথর খনি

### তথ্য পাও এবং আলোচনা করো :

1. তোমারা যেখানে বসবাস কর সে অঞ্চলে, গ্রামে শহরকে জল সরবরাহের এমন বাঁধ এবং হ্রদ সম্পর্কে তথ্য সংগ্রহ করো।
2. জল বিতরণের কার্যকারী সংস্থা পরিদর্শন করে বর্তমান জলস্থিতি জেনে নাও।
3. তোমাদের অঞ্চলে জলের সংকটের উপর যে উপায় ব্যবস্থা শুরু আছে তার তথ্য খুঁজে বের করো।

**একটু মাথা ঘামাও :**

1. অল্প পরিমাণে জল ব্যবহার করতে তুমি কী সাহায্য করতে পারো ?
2. তোমার চারপাশে জলের যে অপব্যয়ের উপাদান বা তথ্য সেই জায়গাগুলি কোথায় কোথায় আছে ? কীভাবে এটি কাটিয়ে উঠতে পারবে ?

**ইন্টারনেট আমার বন্ধু**

1. রাজ্যের জলের অবস্থা জেনে নেবার জন্য নদী-বাঁধের সংখ্যা, জলাবদ্ধতার সক্ষমতা, বাঁধের জলাবদ্ধতা অঞ্চল ইত্যাদি জানতে তথ্য খুঁজে বের করো ।
2. তোমার অঞ্চলে বাঁধগুলির বিস্তারিত তথ্য (মানচিত্র সহ) খুঁজে পাও । জল ব্যবস্থাপনা এবং বিদ্যুৎ উৎপাদন প্রসঙ্গে ব্যবস্থা গ্রহণের জন্য বর্তমান তথ্য প্রস্তুত করো ।

**তথ্য প্রাপ্ত করো ।**

তুমি যে অঞ্চলে থাকো সেখানের পাথরখনিটি দেখো । সেখানে জলের সঞ্চয় সম্পর্কে কী করা যায় সে তথ্য জেনে একটি প্রতিবেদন তৈরি করো ।

## অনুশীলনী

1. মহারাষ্ট্রে কোন ধরণের বাতাস (বায়ু) থেকে বৃষ্টিপাত হয় ?
2. খরা প্রবণ অঞ্চল বলতে কি বোঝাতে চেয়েছেন ?
3. মহারাষ্ট্রে জলের উপলব্ধতার বিতরণ কিভাবে করা হয় ? বিস্তারিত লেখো ।
4. বর্তমান জল সঙ্কটের সমাধান কী ?
5. মহারাষ্ট্রে খরার পরিস্থিতির কারণ লেখো এবং সমাধানের উপায় বলো ।
6. জলব্যবস্থাপন এটি প্রতি কালেরেই প্রয়োজন আছে এ সমন্ধে তোমার মতামত লেখো ।

# বিভাগ (ঘটক)-3 : জল ব্যবস্থাপন

## প্রকরণ 2 : জলসেচ (জলসিঞ্চন)

**একটু মনে করো।**

1. জলের কেন অনন্য সাধারণ গুরুত্ব আছে?
2. কৃষিক্ষেত্রে কোন কোন পদ্ধতিতে জল সরবরাহ করা হয় ?

### • জলসেচ (Irrigation)

বৃষ্টির জল ছাড়াও পাশাপাশি ফসলের সেচ দেওয়ার প্রক্রিয়াটিকে 'জল সেচ' বলা হয়। বাঁধ, হ্রদ, খাল বা অন্যান্য উৎসের জল, নদী থেকে জল, ভূগর্ভস্থ জল ইত্যাদি সেচের জন্য ব্যবহৃত হয়। এই উৎস থেকে জল সেচের জন্য ব্যবহার করার সময়, এটি মনে রাখা উচিত যে এই সমস্ত উৎস থেকে জল ব্যবহার করার সময়, প্রকৃত চাষের জন্য উপলব্ধ জলের পরিমাণ খুব কম, পাশাপাশি বাষ্পীভবনের মধ্য দিয়ে যে পরিমাণ জল উড়ে যায় সেই জলের প্রমাণ খুব বেশী থাকে।

**বলোতো দেখি :**

1. মহারাষ্ট্রের কৃষি জলসেচের বিবিধতা কিরূপ? এর কারণগুলি কী কী ?
2. কৃষি সেচ ব্যবস্থার পরিবর্তন / উন্নতি কেন করা দরকার?

ভারতের 450 টির মধ্যে 44 টি উদ্যান অঞ্চল থাকায় জেলার মধ্যে প্রায় 50% খাদ্যশস্য উৎপাদন করে। এর মধ্যে প্রায় 14 টি জেলায় আরও বেশী সিঞ্চন ক্ষেত্র আছে এবং তা থেকে 25% জল পাওয়া যায়। জলের বিতরণ ব্যবস্থার ক্ষেত্রে ভারত বিশ্বে 5ম স্থানে রয়েছে, তবে জল সিঞ্চনের আওতায় ক্ষেত্র বিবেচনা করলে ভারত বিশ্বে প্রথম স্থানে অবস্থান করছে।

### • জলসেচের উদ্দেশ্য :

1. আমাদের দেশে বৃষ্টিপাত মরসুমী হওয়ায় আমরা অন্য মরসুমে ফসল ফলাতে চাইলে তার জন্য ফসলে সেচ দেওয়া প্রয়োজন।
2. সফলতার সাথে এক বছরে একাধিক ফসল কাটা।
3. অর্থকরী ফসলের জন্য পর্যাপ্ত জল সরবরাহ করা।
4. প্রতি হেক্টর জমির বেশী ফসল পাওয়ার জন্য সঠিক পদ্ধতিতে সেচ দেওয়া।
5. পর্যাপ্ত জল সরবরাহ করে সংরক্ষণ ও কৃষিকাজ।

### • জলসেচের পদ্ধতি এবং প্রকার

**জলসেচের প্রধান পদ্ধতি :** মহারাষ্ট্রে নিম্নলিখিত জলসেচ প্রকার প্রচলিত আছে।

1. জমির পৃষ্ঠভাগ থেকে জল দেওয়া। ঝরনা পদ্ধতি এবং বাষ্প পদ্ধতিটি মূলত ব্যবহৃত হয়।
2. ভূমির উপরে কিছু উঁচু থেকে জল ছিটিয়ে দেওয়া। এরমধ্যে তুষার সিঞ্চন পদ্ধতি ব্যবহার করা হয়।
3. গাছের গোড়ায় জল দেওয়া। এই পদ্ধতিতে বিন্দু সেচের ব্যবহার করা হয়।

### মহারাষ্ট্রের জলসেচের প্রকার

#### 1. কূপ জলসেচ (Well Irrigation)

কূপ থেকে জল উত্তোলনের জন্য বিভিন্ন ধরনের সরঞ্জাম ব্যবহার করা হয়।

**মোট বা ডোঙা :** পশুর চামড়া থেকে তৈরি একটি বড় মুখের ব্যাগ মানে মোট বা ডোঙা। কূপ থেকে বেশীপরিমাণে জল ভরে বলদ গরু এবং ডোঙার সাহায্যে জল উত্তোলন করে কৃষি ক্ষেত্রে দেওয়া হয়। এই মোট দু-ধরণের হয়ে থাকে। একটি বলদ-গরুর সাহায্যে ডোঙা এবং অন্যটি বিনা বলদের। ডোঙার সাহায্যে পনেরো থেকে কুড়ি মিটার গভীর কূয়ো থেকে জল উত্তোলন করা যায়। এই চামড়ার ডোঙা ব্যবহারের পরে শুকিয়ে রাখলে এক বছরের জন্য ভালোভাবেই টিকে যায়।

সময়ের সাথে সাথে লোহার ডোঙা ব্যবহৃত হয়। মোটের নীচে একটি কব্জা বা দরজা থাকে। যদি এই ধরনের ডোঙাকে রঙ করা হয় এবং কব্জায় রং করা হয় এটি তবে পাঁচ বছর অবধি টিকে থাকবে। উভয় প্রকারের ডোঙা 125 থেকে 200 লি. জল উত্তোলন করা যায় এতটাই বড় আকারের হয়ে থাকে।

**চেইন পাম্প :** এটিতে একটি চেইন দ্বারা দুটি চাকা সংযুক্ত থাকে। চেইন বালতি দ্বারা যুক্ত হয়। চেইনের



মোট বা ডোঙা দ্বারা জল সিঞ্চন

**তোমরা জান কি ?**

পুণার চন্দ্রকান্ত পাঠক বলদ গরুর শক্তির ব্যবহার করে সুলভপাম্প এবং অন্যান্য পাম্প তৈরি করেছেন। তাঁকে ন্যাশনাল ইনোভেশান ফাউন্ডেশনের (জাতীয় উদ্ভাবন ফাউন্ডেশনের) পক্ষ থেকে ভারতের রাষ্ট্রপতি কর্তৃক পুরস্কারে ভূষিত করা হয়েছে।







একটি অংশ জলে ডুবে যায়, চাকাটি ঘোরার সাথে সাথে বালতিগুলি জলে ভরে যায়। চেইনটি উপরে চাকায় আসার সাথে সাথে বালতিতে জল সংগ্রহ করা হয়। খালি বালতিগুলি আবার নীচে নামানো হয়।

**ঢেকলী :** একটি বালতি দড়ির সাহায্যে খুঁটির এক প্রান্তে



চেইন পাম্প

সংযুক্ত করতে হবে। অন্য প্রান্তে, একই ওজনের একটি বস্তু বাঁধা থাকবে। এই খুঁটিটি জল ওঠাতে ব্যবহৃত হয়।

**রহাট :** এই পদ্ধতিতে গরু বা ষাঁড়ের সাহায্য নেওয়া হয়। কুপের উপরে একটি বড় চাকা লাগানো থাকে। গরু বা ষাঁড়ের সাহায্যে চাকা ঘুরিয়ে জল উত্তোলন করা হয়।

এখন কিছু সেচ পদ্ধতি এবং সংসাধন লোপ হতে চলেছে। প্রচলিত পদ্ধতি এবং সংসাধনগুলি নিম্নরূপ।



গরু দ্বারা জলসিঞ্চন চাকা-ডোঙা-কল (রহাট)

**2. হ্রদ জলসিঞ্চন বা জলসেচ :** মহারাষ্ট্রে হ্রদ জলসেচের হার প্রায় 15%। পুকুর থেকে জল পাম্প করতে বিভিন্ন ধরণের পাম্প ব্যবহার করা হয়। কত জল এবং কোন গভীরতা থেকে এটি উঠাতে হবে সে অনুযায়ী পাম্পটি নির্বাচন করতে হবে। এর মধ্যে সবমর্সিবল এর মতো পাম্পগুলি পুরোপুরি জলের নীচে কাজ করে। এটি একটি সংযুক্ত ওয়াটারপ্রুফ পাম্প এবং মোটর এই পাম্পটি জল উত্তোলনের পরিবর্তে (Waterproof) জলকে এগিয়ে ধাক্কা দেয়, সুতরাং এর দক্ষতা অন্যান্য পাম্পের থেকে ভালো।

### 3. উত্তোলন জলসিঞ্চন (Lift Irrigation) :

মহারাষ্ট্রে মোট সেচ জমির মধ্যে প্রায় ৪৪% সেচ দেওয়া হয়। উঁচু জমিতে যদি জল সরবরাহ করতে হয় তবে কূপ, নদী বা জলাশয় থেকে উঁচু জমিতে জল পাম্প করতে হয়। তেল ইঞ্জিনগুলি ও বিদ্যুত চালিত ইঞ্জিন এই উদ্দেশ্যে ব্যবহৃত হয়। কিছু জায়গায় (সোলার সিস্টেম) সৌরউর্জা দ্বারা চালিত পাম্পগুলিও বেশি পরিমাণে ব্যবহৃত হচ্ছে।



চেইন পাম্প

### 4. জলের ফোঁটা বা ঠিবক সিঞ্চন (Drip Irrigation):

জমির গুণমান, ফসলের বিভিন্নতা এবং প্রকৃতি বিবেচনায় রেখে প্রয়োজনীয়তা অনুযায়ী পলিথিন পাইপের জাল ছড়িয়ে গাছের শিকড়ে **'ফোঁটা ফোঁটা জল সেচ'** বা **'জলের ফোঁটা সেচ'** দেওয়া হল ফোঁটা সেচের আধুনিক পদ্ধতি। এই পদ্ধতিতে জমিতে জল অবশোষনের বেগ অপেক্ষা কম বেগে ফসলে জল দিতে পারা যায়। দেশের ড্রিপ সেচের প্রায় 60% একা মহারাষ্ট্রে করা হয়। ড্রিপ সেচ ব্যবস্থায় মাটিতে জল না দিয়ে ফসলে সরাসরি জল দেওয়া হয়, মাটি এবং বায়ু গাছের গোড়ার সাথে সমন্বিত হয় যাতে নূন্যতম গতিতে জল দেওয়া হয় এবং এটি চারপাশে প্রবাহিত হয়।



জলের ফোঁটা সেচ

**উপকারিতা**

1. এই পদ্ধতিতে ফসলের প্রয়োজন অনুসারে এবং সমান পরিমাণে জল ফসলের বৃদ্ধিকে ত্বরান্বিত করে। উৎপাদন 20 থেকে 200% বৃদ্ধি পায়।
2. জলের সঞ্চয় 30 থেকে 80%। অতিরিক্ত জল অন্যান্য ফসলের জন্য ব্যবহার করা যেতে পারে।
3. জল যথাযথ পরিমাণে দেওয়া হয় তা জমা হয় না এবং বহন হয় না এবং তাই ভূমিক্ষয় হয় না।
4. এই ড্রিপ সেচ পদ্ধতি লবনাক্ত বা শুকনো জমিতে ব্যবহার করা যেতে পারে।
5. ড্রিপ সেচ ব্যবস্থায় ঢালু জমি সমতল করার দরকার নেই।
6. তরল সারের ড্রিপ সেচ পদ্ধতি ব্যবহারের ফলে সারের ব্যয় প্রায় 30% থেকে 35% কম হয়। এই পদ্ধতিটি সমস্ত ফসলে সমান পরিমাণে সার দেয়।

**তোমরা কি জানো ?**

1959 সালে, ইস্রায়েলের বিশেষজ্ঞ শ্রী. সিমচা ব্লাস এবং তার পুত্র ইয়েশায়াহু ড্রিপ সেচের প্রথম পরীক্ষামূলক সেট তৈরি করেছিলেন। 1960 এর দশকের গোড়ার দিকে এই পদ্ধতিটি পুরোপুরি বিকাস ও পেটেন্ট করা হয়েছিল।



সিমচা ব্লাস

### 5. ছিটানো বা ফোয়ারা সেচ ব্যবস্থা (Sprinkler Irrigation) :

অল্প জলযুক্ত অঞ্চলে স্প্রিংকলার সেচ দক্ষতার সাথে ব্যবহার করা যেতে পারে। এই পদ্ধতিতে অ্যালুমিনিয়াম কিংবা পিভিসি পাইপের সাথে সংযুক্ত একটি সূক্ষ্ম ছিদ্রযুক্ত নজেলের অগ্রভাগের (স্পিংলার অগ্রভাগ) মাধ্যমে জলের চাপ সৃষ্টি করে বৃষ্টির মতো ফসলের উপর ছিটানো হয়। এটির মধ্যে নজেলকে

গোল করে অগ্রভাগ ঘোরানোর সুবিধা রয়েছে গাছের গোড়ার গভীরতা বিবেচনা করে যতটা জল প্রয়োজন তা ছিটিয়ে সেচ দিয়ে দেওয়া যেতে পারে। এই সেচটি গম, ছোলা, সূর্যমুখী, আখ, ভূট্টা, চিনাবাদাম, টমেটো, বাঁধাকপির ফসলের পাশাপাশি নার্সারিগুলিতে ব্যবহার করা যেতে পারে।



তুষার সিঞ্চন / ফোয়ারা সিঞ্চন

**উপকারিতা**

1. যে জমিতে জল বেশী পরিমানে শীঘ্র অবশোষিত হয় সেখানে ফোয়ারা সিঞ্চন উপযুক্ত।
2. জমিতে জল বহনের জন্য ঝরনা বা পশুর ব্যবহার করা যায় তার জন্য লাগোয়া জমির ব্যবহার করা যায় কিন্তু ফোয়ারা সিঞ্চনের কৃষি পদ্ধতিতে কৃষিজমিতে ব্যবহার করা যায় না।
3. জল সাশ্রয় হয়, মাটিও ক্ষয় হয় না।
4. ফসলে জল পড়ার ফলে পোকামাকড় ও রোগ ধুয়ে যায়।
5. মজুরীর ব্যয় হ্রাস করা হয়।
6. তরল সারগুলি ড্রিপ সেচের মতো ব্যবহার করা যেতে পারে। এটি সারের কার্যক্ষমতা পুরোপুরী ব্যবহার হয় এবং সঞ্চয় হয়।

### 6. কালবা সিঞ্চন বা খাল সেচ (Canal Irrigation):

মহারাষ্ট্রে, কূপ থেকে ধীরে ধীরে খাল দিয়ে সেচ দেওয়া হয়। প্রায় 23% জমি এই পদ্ধতিতে সেচ হয়। মূল জলাশয় থেকে খাল কাটার মাধ্যমে চাষের অধীনে জমিতে জল সরবরাহ করা হয়। ভূমিক্ষয় তথা খারাপ যাতে না হয় তার জন্য খালগুলিতে কংক্রিট, ইট অথবা পাথরের আবরন করা যায়।



কালবা সিঞ্চন / খাল সেচ

**ইন্টারনেট আমার বন্ধু**

ইন্টারনেটের সাহায্যে মহারাষ্ট্র রাজ্যে খাল বিষয়ে তথ্য নাও। যেমন কি খালের সংখ্যা, উৎস, চাষের আওতাধীন অঞ্চল, সেচের আওতাধীন অঞ্চল ইত্যাদি।

### • জলসেচের ইতিহাস :

মানব বিবর্তনের পর্যায়গুলির সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশ হ'ল কৃষি- উৎপাদন এবং এর উপর নির্ভরশীল জীবিকা নির্বাহ। খাদ্য উৎপাদনের জন্য, মানুষ প্রাকৃতিক মাটির উর্বরতা, শংকর বীজ, আধুনিক শস্য পদ্ধতি এবং আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার করে খাদ্য উৎপাদন বাড়ানোর চেষ্টা করেছিল। জলসেচ আবিষ্কার সর্বাধিক গুরুত্বপূর্ণ পরীক্ষা নিরীক্ষা। বিশ্বের প্রাচীনতম সেচের নমুনা মিশরের নীল নদের তীরে পাওয়া যায়। সেখান থেকে প্রায় 110 মি.দীর্ঘ এবং 12 মি. প্রস্থের ঘন পাথর বাঁধ বিজ্ঞানীরা অনুমান করেছেন যে ই. সন 5000 বছর আগে নির্মিত হয়েছিল এবং নদীর বন্যার দ্বারা অবরুদ্ধ জল পানীয় হিসাবে পাশাপাশি কৃষিক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে।

অনেক রাজা তাঁর রাজ্যে কৃষিক্ষেত্রে জল সরবরাহের জন্য বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন করতেন। এর সেরা উদাহরণ দ্বিতীয় দশকের কাবেরী নদীর উপর এরূপ প্রচেষ্টা গিয়াসউদ্দিনতুঘলক (1220-25) নিজের অর্থ দিয়ে খালটি নির্মাণ করেছিলেন। একইভাবে, ফিরোজ তুঘলক (1351-86) এ জাতীয় অনেক খাল নির্মাণ করেছিলেন। 15দশ শতাব্দীতে দক্ষিণ ভারতে

সম্রাট বিজয়নগরে এই জাতীয় পরিকল্পনা চালু করেছিলেন। কোল্হাপুর জেলার রাধানগরীতে ছত্রপতি শাহু মহারাজের নির্মিত বাঁধটি এর উৎকৃষ্ট উদাহরণ। উনিশ শতকে ব্রিটিশ সরকার সেচ ক্ষেত্রে বহু উন্নয়ন এনেছিল। পূর্ব গঙ্গা খাল, বারিদোর খাল, কৃষ্ণা এবং গোদাবরী নদীর খাল ইত্যাদি বড় এবং ব্যয়বহুল প্রকল্পগুলি নির্মিত হয়েছিল। 1868 সালে সরকার সিরহিন্দ খাল, নিম্ন গঙ্গা খাল, আগ্রা খাল, মুথা খাল, পেরিয়ার বাঁধ, স্বট বাঁধ, সৌলিয়াগ খাল, চেনাও এবং সিংঘনি খাল ইত্যাদি নির্মান করেছিল।

19 তম শতকের মাঝামাঝি সেচ ক্ষেত্রে অনেক বেশি পরিমাণে লক্ষ্য কেন্দ্রিত করা হয়েছিল। এই সময়কালে বেতওয়া খাল, নীরা ডাওয়া খাল, গোকাক খাল, মহাসয়াড় হ্রদ, ঋষিকূল খালের ভিত্তি স্থাপনা করা হয়েছিল। ফলস্বরুপ 19 শতকের শেষদিকে মোট 132 মিলিয়ন হেক্টর জমি সেচের আওতায় আনা হয়েছিল। এর মধ্যে 45% খাল দ্বারা 35% কূপের দ্বারা 15% হ্রদের দ্বারা এবং অন্যান্য স্রোতের মাধ্যমে 5% জমি সেচের আওতায় এসেছিল।

**তুমি কি জানো ?**

- ভারত উপমহাদেশে সেচের উৎস মহারাষ্ট্রের পুণে জেলার শিরুর তালুকার ইনামগাঁওয়ের কাছে পাওয়া যায়। এই গ্রামের নিকটে জীবাস্ম এবং লৌহযুগের মাটি পাথরের বাঁধ পাওয়া গেছে এবং এটি ঘোড়নদীর বেশ কয়েকটি প্রবাহ-নালার সাথে সংযুক্ত। এটি অনুমান করা হয় যে বন্যার পরিস্থিতির পরে, এই বাঁধ দ্বারা আটকানো জল প্রয়োজন অনুযায়ী সংলগ্ন অঞ্চলগুলিতে সেচ দেওয়ার জন্য ব্যবহার করা হতো।
- সিন্ধু নদীর তীরে গড়ে ওঠা সংস্কৃতিতেও সেচের অবশিষ্টাংশ পাওয়া গেছে। প্রদত্ত সন্দর্ভ অনুসারে জানা গিয়েছিল যে নদীর তীরে গাছের পাশ দিয়ে বাঁধ বাঁধিয়ে জল দেওয়া হতো। (ঋকবেদ 6.17) কথিত আছে যে প্রচলিত জমি থেকে সেচ দেওয়ার পদ্ধতিটি কুয়া বা ভূগর্ভস্থ জলের ব্যবহারের চেয়েও পুরানো।

**তথ্য পাও এবং আলোচনা করো :**

প্রচলিত প্রবাহ শক্তি ছাড়া জল বিভাগে বহন করবে সে সম্পর্কে তথ্য প্রাপ্ত করো।

1. সৌরশক্তি / সৌর ঊর্জা পাম্প
2. চক্রীয় পবন ঊর্জার উপর আধারিত পাম্প
3. চক্র পদ্ধতি / সায়কল পদ্ধতি
4. হাইড্রম পদ্ধতি

## অনুশীলনী

1. জলসেচ মানে কি ? এর মূল উদ্দেশ্যগুলি কী কী ?
2. জলসেচের প্রধান প্রকারগুলি কী কী ?
3. মহারাষ্ট্রের কোন জেলাটি বিন্দু সেচে নেতৃত্ব করেছে ? এর কারণগুলি কী কী ?
4. বিন্দু সেচ মূলত মহারাষ্ট্রের কোন ফসলের জন্য ব্যবহৃত হয় ? কেন ?
5. বিন্দু সেচ ব্যবস্থার উপাদানগুলি কী কী ? বিন্দু সেচ পদ্ধতির সুবিধা কী কী ?
6. বিন্দু সেচ এবং ফোয়ারা বা তুষার সেচ ব্যবস্থার তুলনা কর।
7. তুষার সেচের জন্য কি ধরনের উপাদান ব্যবহার করা হয় ?

# বিভাগ (ঘটক)-3 : জল ব্যবস্থাপন

## প্রকরণ 3 : জলের আইন এবং নিয়ম

**একটু মনে করো।**

1. জল পরিচালনার সময় কি করা হয়?
2. নিয়ম বা আইন কেন গুরুত্বপূর্ণ?

### • জলের আইন ও বিধিবিধানের প্রয়োজনীয়তা :

জলের উৎসের সহজলভ্যতা এবং যথাযথ ব্যবহার হলো মানব বিকাসের মেরুদন্ড। ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে সাথে বিশ্বের জলের চাহিদা দিন দিন বাড়ছে। 1750 সালে বিশ্বের জনসংখ্যা ছিল মাত্র 100 কোটি, 1950 সালে এটি 250 কোটি ছিল। 1931 সালের জুলাইয়ে এটি ছিল 500 কোটি এবং 2000 সালে এটি ছিল 600 কোটি 2025 সালের মধ্যে এটি 800 কোটি এবং 2050 সালের মধ্যে 1000 কোটি হবে বলে অনুমান করা যায়। তবে পৃথিবীর ক্ষেত্রফল স্থির, সুতরাং অবশ্যই জলের সহজলভ্যতা স্থিতিশীল থাকবে। যদিও পৃথিবীর পৃষ্ঠভাগের প্রায় 71% ভাগ জল দ্বারা আচ্ছাদিত তবুও এর এক শতাংশ জল শুদ্ধ (বিশুদ্ধ) পানযোগ্য। স্থলজ ভূপৃষ্ঠীয় উদ্ভিদ এবং প্রাণীজগতের জন্য উপযুক্ত। অন্যদিকে ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে মাথাপিছু জল প্রাপ্যতা হ্রাস পাচ্ছে।

### • জলের বিরোধের কয়েকটি উদাহরণ :

#### অ. জল বিতরণের আধারে জল বিরোধ বা বিবাদ :

ক্রমবর্ধমান জনসংখ্যা শিল্পায়ন, উৎপাদন ফলস্বরূপ জলের প্রাপ্যতা হ্রাস পাচ্ছে। দুই দেশে বা রাজ্যে জলের ব্যবহার নিয়ে বিরোধ হতে শুরু করেছে। আন্তর্জাতিকভাবে গত 50 বছর ধরে 1831 নিষ্পত্তি হয়। এরকম বলা হয় যে ভবিষ্যতে জলের প্রশ্ন নিয়ে তৃতীয় বিশ্বযুদ্ধ একবিংশ শতাব্দীতে ঘটতে পারে। বর্তমান বিশ্বের 60 কোটি দেশে জলের তীব্র অভাব রয়েছে। অনেক দেশে জলের বিরোধ দেখা দিয়েছে। ক্রমবর্ধমান জনসংখ্যা এবং জলের চাহিদার কারণে ও জলের বিরোধের সংখ্যাও বাড়ছে। এই কারণে একবিংশ শতাব্দীতে জলের দ্বন্দ্বকে অনিবার্য করে তুলেছে।

#### 1. আরব রাষ্ট্র এবং ইজরায়েলের মধ্যে জল বিবাদ :

গত পাঁচ দশক ধরে এদের এই জল সংঘর্ষ শুরু রয়েছে। জর্ডান ইস্রাইলের একটি জীবনদায়ক নদী। ইস্রাইল সরকার যেহেতু গাজাপট্টি থেকে লেবানন ইজিপ্ট (মিশর) পর্যন্ত জর্ডান নদীর জলের পুরোপুরি ব্যবহার করতে চাইছে, তাই ইস্রাইলের এবং আরব রাষ্ট্রের মধ্যে বর্তমানে সংঘর্ষ শুরু রয়েছে।

#### 2. আফ্রিকার নীল নদীর জল বিবাদ :

নীল নদীকে মিশরের দান বলা হয়। ইজিপ্টের হরিৎক্রান্তির (সবুজবিপ্লবের) পর নীল নদীর কারণে ইজিপ্ট, সুদান এবং ইথিওপিয়া এই দেশগুলির মধ্যে সবচেয়ে বেশি সংঘর্ষ উৎপন্ন হয়েছে। সুদান দেশে ব্রিটিশ শাসনের পতনের পরে 1959 সালে এই দুই দেশে পুনরায় কটি চুক্তি হয়। এই চুক্তিতে ইজিপ্ট আরও বেশি উপকৃত হয়েছিল। ইজিপ্টের নীল নদীতে 'আস্বান' নামক স্থানে বাঁধ নির্মাণ করা হয়েছে। ইজিপ্টের অধিকাংশ ভাগ জল সেচের আওতায় রয়েছে। এই জলের ইথিওপিয়া নিজের দাবী করতে শুরু করেছে। ইথিওপিয়া নীল নদীর ওপর নিজেদের দেশ থেকে বাঁধ প্রকল্পের কাজ করার চেষ্টা করছে। সুদানেও এইরকম চেষ্টা চলছে। সুদান এবং ইথিওপিয়ায় নীল নদীর উপর বাঁধ প্রকল্পগুলি বাস্তব রূপে এলে 'আস্বান' বাঁধটি শুকিয়ে পড়বে।

#### 3. আফ্রিকা মহাদেশের জল বিবাদ :

আফ্রিকা মহাদেশের মারিতানিয়া, সেনেগল, জিম্বাবে, মোজাম্বিক, বোৎস্বনা ইত্যাদি দেশগুলিতেও জল ভাগ নিয়ে বিবাদ হয়েছে।

#### 4. উত্তর আমেরিকা জল বিবাদ :

উত্তর আমেরিকাতে কলোরাডো নদীর বিবাদের সূত্রপাত হয়েছে। ওয়াইমিং নেবাড়া, নিউ মেক্সিকো, অ্যারিজোনা, টেক্সাস এবং ক্যালিফোর্নিয়া এই ওসাড নিম ওসাড প্রান্তে কলোরাডো নদী একটি বরদান প্রমাণিত হয়েছে। সমপরিমাণে জলের ব্যবহার এই রাজ্যে জল বিবাদের কারণ হয়ে উঠেছে।

## 5. ভারতের জল বিবাদ বা বিরোধ :

ভারতে অনেক প্রমুখ নদী আন্তর্জাতিক বা আন্তঃরাজ্য আছে। এগুলি এক দেশ থেকে অন্য দেশে এবং এক রাজ্য থেকে অন্য রাজ্যে প্রবাহিত হয়। দেশের বিভিন্ন অঞ্চলে জলের ক্রমবর্ধমান চাহিদা রাজ্যগুলিতে জলের বিবাদ সৃষ্টি করেছে। কেন্দ্রিয় সরকারের সহায়তায় জল বিতরণ প্রশ্নের বড় সমস্যা সমাধানের চেষ্টা চলছে। গোদাবরী জলের বিবাদ, কৃষ্ণা জলের বিবাদ, নর্মদা জলের বিবাদ, রাবী ও বিপাশা জলের বিবাদ নিষ্পত্তির জন্য ভারতীয় আদালতেও স্বাধীন সালিশকারী নিয়োগ করেছে।

### তোমরা জান কি ?

**ইতিহাস নিয়ে চর্চা করা কালীন - রোহিনী নদীর জল বিবাদ।**

যেহেতু জল একটি অপর্যাপ্ত সম্পদ এর ব্যবহারের জন্য সংঘর্ষ বিশ্বের কাছে নতুন নয় পুরাতন কাল থেকে এটি চলছে। উত্তর ভারতে রোহিনী নদীর তীর সংক্রান্ত সংঘর্ষ আমাদের সকলের পরিচিত। কপিলাবস্তু এবং কোলিয়া নামে দুটি শহর এই নদীর তীরে ছিল। এই দুটি শহরই নিজেদের খামারের সেচের জন্য এই নদীর জল ব্যবহার করত। তবে একবছর বৃষ্টিপাত কম হওয়ায় জল ব্যবহার সম্পর্কে প্রশ্ন উঠেছে। এই কলহ এতটাই বেড়েছিল যে যুদ্ধের আকার নিয়েছিল। সেই সময়ে কপিলাবস্তু নগরের রাজা ছিলেন শুদ্ধোধন। রাজপুত্র গৌতম এ ব্যাপারে মতামত প্রকাশ করেছেন যে জল প্রকৃতির উপহার। প্রকৃতিতে বৃষ্টিপাতের অনিশ্চয়তা এই সমস্যার জন্য দায়ী। যুদ্ধ এই সমস্যা সমাধানের সঠিক উপায় নয়। এ ধরনের সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান করা উচিত। যুদ্ধ ছাড়াই শেষ পর্যন্ত উভয় পক্ষের বিষয়গুলি আলোচনার মাধ্যমে সমাধান করে নেবার উল্লেখ ইতিহাসে পাওয়া যায়।

## • জল ব্যবহার এবং জল পরিচালনার প্রসঙ্গে কিছু আন্তর্জাতিক সহযোগিতা চুক্তি।

জল সমস্যার জন্য ভারত প্রতিবেশী দেশগুলির সাথে সহযোগিতা চুক্তি করেছে। তার মধ্যে মহত্বপূর্ণ কয়েকটি নিচে দেওয়া হলো।

### 1. ভারত-ভূটান সহযোগিতা চুক্তি :

ভারত এবং ভুটান সরকারের মধ্যে যৌথ কমিটি গঠন করা হয়েছিল 1979 সালে। দুই দেশের মধ্যে জল বায়ুমণ্ডলীয় (Hydro-meterological)এবং নদীর বন্যার পূর্বাভাস দেওয়া এর মূল লক্ষ্য। এই ক্ষেত্রে ভুটানে 35টি জল বায়ুমণ্ডলীয় কেন্দ্র স্থাপন করা হয়েছে। এর জন্য প্রয়োজনীয় পরিসংখ্যান সম্পর্কিত তথ্য ভারত সরকারের কেন্দ্রীয় জল বোর্ড সরবরাহ করে।

### 2. ভারত বাংলাদেশ সহযোগিতা চুক্তি :

দুটি দেশের যৌথ নদী কমিশন 1972 সাল থেকে কাজ করে আসছে। কমিশনের নেতৃত্বে রয়েছে দুই দেশের জল সম্পদ মন্ত্রণালয়। 1996 সালের 12 ই ডিসেম্বর থেকে গঙ্গা প্রকল্পে জলের ব্যবহার সম্পর্কে দুই দেশের মধ্যে একটি নতুন গবেষণা শুরু হয়েছিল। গঙ্গা, ব্রহ্মপুত্র, বরাকর নদীর বন্যা বিষয়ক পূর্বাভাস (Flood forecasting) সম্পর্কিত তথ্য ভারত থেকে বাংলাদেশে পাঠানো হয়।

### 3. ভারত চীন সহযোগিতা চুক্তি :

2002 সালে দুই দেশের মধ্যে সামঞ্জস্য নিবেদন পত্রে স্বাক্ষর হয়েছে। দুটি দেশের জল বিষয়ক তথ্য সরবরাহ করা হয়। বিশেষত বৃষ্টির জলের স্তর, জলের উত্তোলনের তথ্য সরবরাহ করা হয়। চীন ভারতকে ব্রহ্মপুত্র নদী প্রাগৈতিহাসিক অবস্থার তথ্য সরবরাহ করে, যাতে ভারত ব্রহ্মপুত্রের সম্ভাব্য বিষয়ে সচেতন হতে পারে বন্যার পরিস্থিতি এড়াতে যথাযথ সর্তকতা অবলম্বন করতে পারে।

### 4. ভারত-নেপাল সহযোগিতা চুক্তি :

জল সম্পদ উন্নয়নের বিষয়ে দুই দেশের মধ্যে এটি একটি চুক্তি। মহাকালী নদী বিষয়ক এই যৌথ বিকাসের বিষয়ে 1996 সালে রাজি হয়েছিল। মহাকালী নদীর উপর পঞ্চেশ্বর বহুমুখী প্রকল্প, যা কি ভারতে 'সারদা' প্রকল্প নামে পরিচিতি। এটাই তার ফলাফল।

### 5. সিন্ধু জল চুক্তি :

ভারত ও পাকিস্তানের মধ্যে 1996 সালে সিন্ধু নদীর জল চুক্তি স্বাক্ষরিত হয়েছিল।

> **তথ্য প্রাপ্ত করো।**
>
> সিন্ধু নদীর জল চুক্তির বর্তমান অবস্থা কি ?

### • জল সেচের বা জলসিঞ্চনের সরকারি নীতি :

সরকারের নীতির অর্থ হল সরকার নির্দিষ্ট পরিস্থিতিতে সমাজের স্বার্থে একটি নীতিমালা তৈরি করে এবং বিজ্ঞপ্তিগুলির মাধ্যমে এর বাস্তবায়নের আদেশ জারি করে। জাতীয় জল নীতিতে জলকে একটি জাতীয় সম্পদ হিসেবে বিবেচনা করা হয়। জল ব্যবহারের বহুমুখী চাহিদা পূরণের জন্য এটি প্রাপ্যতা অনুযায়ী আলাদাভাবে নির্ধারিত হয়। জল উপদানটি মরসুম অনুযায়ী স্থিতি পরিবর্তন করে। অতএব জলের ব্যবহারে কে কে অংশ নিতে পারে এ সম্মন্ধে জল ব্যবস্থাপন বিধিতে ব্যাখ্যা করা আছে।

প্রতিটি অববাহিকার (বেসিনের) অবস্থান পৃথক হওয়ায় উপ-অববাহিকা (বেসিন) অনুযায়ী পরিকল্পনা বিভিন্ন বিধি-বিধান দ্বারা করা হয়। সরকারি নীতির গুরুত্ব স্পষ্ট করতে যদিও মহারাষ্ট্র সরকারের নীতি সম্পর্কে ধারণা রয়েছে। 2004 এর শেষ নাগাদ রাজ্যের 39.13 লক্ষ হেক্টর জমিতে সেচের সক্ষমতা ছিলো। 16.97 লক্ষ হেক্টর জমির এই সেচ ক্ষমতার মধ্যে প্রায় 43% শতাংশ সেচ ক্ষমতার প্রত্যক্ষ জমি ছিলো। গত সাত বছরে, প্রকৃত সেচযুক্ত অঞ্চলটি প্রায় 43 থেকে 53 শতাংশ হয়েছে। সেচযুক্ত অঞ্চল এবং প্রকৃত ব্যবহারের মধ্যে একটি বড় পার্থক্য রয়েছে।

> **তথ্য প্রাপ্ত করো।**
>
> 2020 সালের শেষ পর্যন্ত মহারাষ্ট্র রাজ্যের তৈরি সেচ ক্ষমতা সম্পর্কে তথ্য প্রাপ্ত করো।

জলের অননুমোদিত ব্যবহার হ্রাস করার জন্য সেচ ক্ষেত্রের সুব্যবস্থাপন সেচের আয় বাড়ানোর ক্ষেত্রে সরকারি নীতিতে সর্বাধিক গুরুত্ব রয়েছে।

### সরকারি নীতিতে জলসেচ বিভাগে নিম্নলিখিত বিষয়ের সমাবেশ থাকে।

1. জলের সহজলভ্যতা এবং জলের ন্যায়সংগত বন্টন।
2. সেচের জন্য জলের ব্যবহার।
3. জল সম্পদের আর্থিক দিক।
4. জল ব্যবস্থাপনা।
5. ভূগর্ভস্থ জল ব্যবহার।
6. জল সম্পদের মধ্যে নির্মিত ভৌগলিক সমস্যা।
7. ফসল রচনা।
8. জল নিয়োজন বা পরিকল্পনা।
9. জলের কর।
10. জল ব্যবহার সংস্থা এবং জনগণের অংশগ্রহণ।

### • জলের নিয়োজন বা পরিকল্পনা এবং সরকারের আদেশ :

বর্ষাকালে রাজ্যে যথেষ্ট বৃষ্টিপাত না হলে খরার পরিস্থিতি দেখা দেয়। সেচ প্রকল্পের আওতায় উজনী জায়কওয়াড়ী জলাশয়ে প্রত্যাশার চেয়ে কম জল সঞ্চয় থাকে। এ ধরনের পরিস্থিতিতে সরকার বছরব্যাপী সেচ কর্মসূচি বাস্তবায়নের সময় জল বরাদ্দ পরিকল্পনায় পরিবর্তন আনার লক্ষ্যে জল বন্টন অগ্রাধিকার সিদ্ধান্ত নেওয়ার জন্য একটি সরকারি বিজ্ঞপ্তি জারি করে।

1982 সালে সেচ আইন অনুসারে প্রথম শিল্প শ্রমনির্ভর খাদ্যশস্য এবং পশুখাদ্য ফসলের জন্য এবং পানীয় জলের জন্য অগ্রাধিকার দেওয়া হয়েছিল।

কেন্দ্র সরকারের সরকারি নির্ণয় ক্রমাঙ্ক বিকেএস 1083/2806 সি/প্র 1983 অনুযায়ী প্রধানমন্ত্রী ঘোষিত 20 দফা কর্মসূচিতে ডাল ও পুরো শস্য উৎপাদনে বিশেষ জোর দেওয়ার আহ্বান করেছে। এ ক্ষেত্রে অতিরিক্ত শস্য উৎপাদনের জন্য সেচ প্রকল্পসহ এবং অবহিত নদী এবং প্রবাহ সম্পর্কে ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা করবার দৃষ্টিতে বিভিন্ন ব্যবস্থা বিবেচনার জন্য পরস্পর পরামর্শ দেওয়া হয়। সিরিয়াল (খাদ্য শস্য) ডাল ও তৈলবীজ ফসলের আওতাধীন অঞ্চলগুলিকে সেচের জন্য অগ্রাধিকার দেওয়া হয়েছে।

## • সেচ সংক্রান্ত কিছু আইন :

### 1. ভূগর্ভস্থ জল সংক্রান্তঃ আইন :

গ্রামাঞ্চলে বিদ্যুতের সহজলভ্যতার কারণে 1960 সাল থেকে ভূগর্ভস্থ জলের ব্যবহার বহুগুণে বৃদ্ধি পাচ্ছে। কিছু জলাশয়ে ভূগর্ভস্থ জলের ব্যবহার বিপজ্জনক স্তরে বেড়েছে। সুতরাং জনস্বার্থের জন্য হস্তক্ষেপ জরুরি কারণ এটি জনস্বার্থের জন্য বিপদ স্বরূপ। 1987 সালের জাতীয় জলনীতি সপ্তম অনুচ্ছেদে জাতীয় নীতি নির্ধারণ করা হয়েছে কারণ পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য ভূগর্ভস্থ জলের অনিয়ন্ত্রিত ব্যবহার নিয়ন্ত্রণ করা প্রয়োজন। ভূগর্ভস্থ জলের ব্যবহার কখনোই পূনর্ভরণের সম্ভাবনার চেয়ে বেশি হওয়া উচিত নয়। কেন্দ্রীয় সরকার 1971 সালে সমস্ত রাজ্য সরকারকে একটি নমুনা বিল পাঠিয়ে ছিলো। তারপরে 1992 সালে একই বিল পাঠিয়েছিল। ভূগর্ভস্থ জলের ন্যায়সংগত বন্টনের জন্য ভূগর্ভস্থ অধিকারকে ভূমি অধিকার থেকে পৃথক করতে হবে। মহারাষ্ট্র সরকার 1993 সালে মহারাষ্ট্র ভূগর্ভস্থ জল (পানীয় জলের উদ্দেশ্যগুলির জন্য নিয়ন্ত্রণ) মহারাষ্ট্র ভূজল Maharashtra Ground Water (Regulation for Drinking Water Purposes) আইনটি পাস করে। যাই হোক এই আইনের উদ্দেশ্যটি পানীয় জলের সার্বজনীন উৎসের সংরক্ষন সীমাবদ্ধ ছিল। এতে মহারাষ্ট্র জল ও সেচ কমিশন বলেছে যে খালের জল ব্যবস্থাপনার পাশাপাশি ভূগর্ভস্থ জলের উপর কার্যকর নিয়ন্ত্রণ করা জল ব্যবহারকারিদের পক্ষে সহজ হবে এবং দূষণ নিয়ন্ত্রণে ব্যবহার করা হবে।

### জল (প্রদুষণ নিয়ন্ত্রণ ও নির্মূলন) আইন 1974 :

জল প্রদূষণ (নিয়ন্ত্রণ ও নির্মূলন আইন) 1974 সালে ভারতের সংবিধানের 252 অনুচ্ছেদের বিশেষ বিধানের আওতায় কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রণীত হয়েছিল। এই আইনের ধারা 2 (3) এ জল দূষণকে ব্যাখ্যা করার সময় মানব স্বাস্থ্যের পাশাপাশি উদ্ভিদ প্রাণী এবং জলজ প্রাণীর স্বাস্থ্যসহ দূষণের রাসায়নিক, শারীরিক এবং জৈবিক দিকগুলি বিবেচনা করে। ভারতে এই বিষয়ে সার্বজনীন আইন প্রয়োজন পর্যালোচনা করার জন্য কেন্দ্রিয় সরকার তিত্তয়ারী সমিতি নিয়োগ করেছিল। তিওয়ারি সমিতি কমিটির প্রতিবেদন আইনের ত্রুটিগুলি চিহ্নিত করা হয়েছে এবং দূষণ নিয়ন্ত্রণ ও নির্মূলকরণের কাজের জন্য আরও বেশি প্রকারের প্রয়োজনীয়তার বিষয়টি স্পষ্ট করা হয়েছে। 1986 সালে স্টকহোমে জাতিসংঘের সম্মেলনে একটি প্রস্তাবের মাধ্যমে আইনটি কার্যকর করা হয়েছিল।

জলসম্পদ বিভাগের (পূর্বে সেচ বিভাগ) 150 বছরের উজ্জ্বল ইতিহাস রয়েছে। পূর্বের মুম্বই, মহারাষ্ট্র ও গুজরাট ভাগ করার পরে 1960 সালে গঠন হয়েছিল। 1960 সালে সার্বজনিক বিভাগকে সেচ বিভাগ এবং ইমারত ও রাস্তা (পূর্ত ও সড়ক) বিভাগে ভাগ করা হয়েছিল। 26 শে অক্টোবর 2004 থেকে সেচ বিভাগকে জল সম্পদ নামকরণ করা হয়েছে। 'জলসম্পদ বিভাগ' মহারাষ্ট্র রাজ্য কর্পোরেশন প্রতিষ্ঠান আগে মুম্বই, পুণে এবং নাসিকের তিনটি বিভাগের জন্য তিনটি পৃথক সেচ আইন বিদ্যমান ছিলো। পশ্চিম মহারাষ্ট্রের জন্য মুম্বাই সেচ আইন 1979, বিদর্ভের জন্য কেন্দ্রীয় প্রভিশন আইন অধিনিয়ম 1931 এবং মারাঠওয়াড়া বিভাগের জন্য হায়দ্রাবাদ সেচ আইন 1848 প্রযোজ্য ছিল। রাষ্ট্র গঠনের পরে সেচ উন্নয়ন গতি অর্জন করেছিল। তবে বিভিন্ন অঞ্চলে বিভিন্ন আইনের কারণে জলের সাথে সম্পর্কিত প্রকল্পগুলি বাস্তবায়নে সমস্যা নির্মাণ হতে লাগল সুতরাং 5 আগস্ট 1976 সালে সম্পূর্ণ মহারাষ্ট্রের জন্য প্রযোজ্য বাঁধসেচ আইন কার্যকর করা হয়েছিল।

### 2. মহারাষ্ট্রের উপত্যকা সম্বন্ধে কার্পোরেশনের আইন :

মহারাষ্ট্র সরকার সেচ প্রকল্পের কাজ দ্রুত করতে পাঁচটি বিকাস 'মহামণ্ডলের' স্থাপনা করেছে। এর মধ্যে রয়েছে 'কৃষ্ণা উপত্যকা বিকাস মহামণ্ডল', 'বিদর্ভ পাটবান্ধারে বিকাস মহামণ্ডল', 'তাপী (তাপ্তী) পাট-বান্ধারে বিকাস মহামন্ডল', 'মারাঠাওয়াডা পাটবান্ধারে বিকাস মহামণ্ডল', 'কোঙ্কন পাটবান্ধারে (বাঁধ) বিকাস মহামণ্ডলের সমাবেশ আছে। প্রতিষ্ঠার পরে প্রথম দিনগুলিতে এই কর্পোরেশনগুলিকে উন্মুক্ত বাজার থেকে তহবিল সংগ্রহের অনুমতি দেওয়া হয়েছিল। বর্তমান এই সমস্ত কর্পোরেশনের জন্য মহারাষ্ট্র সেচ বিত্ত কর্পোরেশন যৌথ তহবিল সংগ্রহ করেছে। যে প্রকল্পগুলি কর্পোরেশনের আওতায় আসে না সেগুলি জল সম্পদ বিভাগের আওতায় আসে। নদী অববাহিকার পরিকল্পনা ও ব্যবস্থাপনায় পরিবর্তন এনে সরকার নদী উন্নয়ন সংস্থায় বিদ্যমান সকল সেচ উন্নয়ন কর্পোরেশনকে পুনর্গঠন করে রাজ্যের সেচ সক্ষমতা জোরদার করার জন্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে। ভৌগোলিক দৃষ্টিতে, রাজ্যটি 5 নদীর অববাহিকায় বিভক্ত। এর মধ্যে

রয়েছে কৃষ্ণা, গোদাবরী, তাপি (তাপ্তী) নর্মদা এবং কোঙ্কন অঞ্চলের পশ্চিম নদী। এই পাঁচটি নদীর অববাহিকা যথাযথ পরিকল্পনার জন্য 25 টি উপ-বাহিকায় বিভক্ত করা হয়েছে।

মহারাষ্ট্রে 1996 থেকে 1998 পর্যন্ত তিন বছরে 5টি উপত্যকা অনুসারে 5 কর্পোরেশন আইন পাস করা হয়েছিল। এই আইনের 71 টি ধারা রয়েছে এবং কর্পোরেশনের কাঠামো এবং কার্য একই রয়েছে। তবে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে পার্থক্য নীচে ব্যাখ্যা করা যেতে পারে। উদাহরণস্বরূপ, বিদর্ভ কর্পোরেশন আইন গোদাবরী জলের বিরোধের কথা উল্লেখ করেছে। তবে এটি গোদাবরী কর্পোরেশনের আইনে নেই। পশ্চিম মহারাষ্ট্র এবং মারাঠাওয়াড়ায় কৃষ্ণা উপত্যকার সমস্ত অঞ্চল ঘোষণা করা হয়েছে। বিদর্ভ ও কোঙ্কন কর্পোরেশনকে বিভাগের সমস্ত অঞ্চল না দিয়ে কিছু সুনির্দিষ্ট প্রকল্প দেওয়া হয়েছে। তাপী সেচ উন্নয়ন কর্পোরেশনের জন্য ধুলে ও জলগাঁও জেলার কিছু অংশ তাপী অববাহিকায় দেওয়া হয়েছে। গোদাবরী কর্পোরেশনকে মারাঠাওয়াডার নাসিকের গোদাবরী অববাহিকার সমস্ত অঞ্চল দেওয়া হয়েছে। সুতরাং আওরঙ্গবাদ জেলার সোয়গাঁও তালুকায় এবং অন্যান্য কয়েকটি গ্রাম তাপী (তাপ্তী) উপত্যকায় রয়েছে যা কোনও মহামণ্ডলের (কর্পোরেশনের) আওতাধীন নয়।

আরো স্পষ্ট আকারে কৃষকদের পরিচালনায় সরকারের ভূমিকা আরোও বেশী জড়িত করার জন্য গণতন্ত্রের মুল সংখ্যাটি হল জনগণ ও জনগণের দ্বারা সেচ প্রকল্পের ক্রিয়াকলাপ ও পরিচালনা করা। এই নীতির সাথে সামঞ্জস্য রেখে, সকল সুবিধা ভোগীকে সমান ন্যায়বিচার এবং দরিদ্র কৃষকদের জলের অধিকার দেওয়ার জন্য, এই সংজ্ঞা অনুসারে মহারাষ্ট্র সেচ ব্যবস্থাপনার আইন 2005 কার্যকর হয়েছে, মহারাষ্ট্র সরকার জল ব্যবস্থার সংস্থার জন্য এই আইন প্রয়োগ করেছে। অতএব জলসম্পদ স্বতন্ত্র ভিত্তিতে কৃষকদের জল সরবরাহ করবে না। তবে বিভাগটি কেবলমাত্র ঘনমাপন ভিত্তিতে জল ব্যবহারকারীদের জল সরবরাহ করবে এবং জল ব্যবহারকারী কৃষকদের মধ্যে একমাত্র যোগসূত্র হবে। সরকার জল ব্যবহার সংস্থার স্থাপনা করে এবং সেচ ব্যবস্থার জন্য কৃষকদের কাছে স্থানান্তর করে জলের ব্যবহারকেই সহজ করেছে। এটা বলা হবে যে এটি জলসম্পদ ব্যবস্থাপনার একটি দুর্দান্ত দৃষ্টান্ত।

**তথ্য পাও এবং আলোচনা করো :**

1. জল বিতরণ এবং অন্যান্য কোন্ কোন্ কারণে রাজ্যগুলিতে জলের বিবাদ চলছে ?
2. এই জলের বিবাদ নিয়ে সরকার কী ব্যবস্থা নিয়েছে ?

### ● সেচ কমিশন / আয়োগ :

1995 সালের ডিসেম্বর মাসে ডা. মাধবরাও চিতলের সভাপতিত্বে দ্বিতীয় সেচ কমিশন মহারাষ্ট্র সরকার গঠন করেছিল। 1999 সালে কমিশন মধ্যে মহারাষ্ট্র সরকারের কাছে গবেষণা করে তার প্রতিবেদন জমা দেয়। এই কমিশন মোট 329 টি সুপারিশ করেছে। এটিতে পানীয় জলের বিষয়ে নিম্নলিখিত প্রস্তাবনা রয়েছে।

1. যে মহকুমায় উপলব্ধতার চেয়ে বেশি জল ব্যবহৃত হতে পারে। এ জাতীয় মহকুমাগুলির পরিকল্পনার জন্য প্রথমে পানীয় জলের তথ্যগুলি বিবেচনা করা উচিত এবং তারপরে সেচ জলের পরিকল্পনা করা উচিত।
2. গ্রামে পানীয় জলের পরিকল্পনার ক্ষেত্রে প্রাণিসম্পদের প্রয়োজন এবং ব্যবস্থাপনার প্রতি লক্ষ্য করা উচিত।
3. গ্রামে উপলব্ধ সমস্ত জল একীকরণের পর পানীয় জলের উৎসটি কি পরিমাণ ব্যবহার করা উচিত এবং কিভাবে এটি নিরন্তর করতে হবে তা তালুকা পঞ্চায়েত সমিতিকে ন্যাস্ত করা উচিত।
4. গ্রামীন জল সরবরাহ প্রকল্পের অর্থনৈতিক ভবিষ্যতকে গ্রামীণ জীবনে উৎপাদন ব্যবস্থা, কর্মসংস্থান এবং টেকসই আয় ব্যবস্থার সাথে যুক্ত করতে হবে।
5. জনসচেতনা এবং জনসহভাগ ও কর্মসংস্থান সুনিশ্চিত প্রকল্পের মাধ্যমে গ্রাম উন্নয়ন কর্মসূচি গ্রামীণ জল সরবরাহের একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে গ্রহণ করা উচিত।
6. শহরের জল সরবরাহ এবং গ্রামীণ জল সরবরাহের

মধ্যে ব্যবধান হ্রাস করতে হবে।

7. ঘরের ছাদের বৃষ্টির জলের সংগ্রহ ও বছরের বিভিন্ন কর্মকাণ্ডকে আরও গতি দেওয়া দরকার।
8. বিনা শুদ্ধিকরণ করে নদীতে বর্জ্য জল ছেড়ে দেওয়া দূষণ রোধে অবিলম্বে নদী অনুসারে সচেতনামূলক সংস্থা তৎকাল গঠন করতে হবে।
9. গ্রামীণ অঞ্চলে মহিলা সংগঠন প্রতিষ্ঠা করে তাদের পাইপলাইনের পরিকল্পনা পরিচালনার দায়িত্ব অর্পণ করার দৃষ্টিতে সামাজিক সংগঠনগুলির মহিলা সংগঠনগুলির জন্য উদ্যোগ গ্রহণ এবং প্রচেষ্টা করা উচিত।
10. জলের সংকট পরিপ্রেক্ষিতে সেচের জন্য বর্জ্য জলের প্রক্রিয়াজাতকরণের পরিকল্পনা করা উচিত লক্ষ্য করে মহারাষ্ট্র জীবন অধিকরণ, মহারাষ্ট্র দূষণ নিয়ন্ত্রণ মণ্ডল এবং সেচ বিভাগের সাথে সমন্বিতভাবে সম্পাদন করে।

### ● মহারাষ্ট্রের জলনীতি :

কেন্দ্রীয় সরকার 2002 সালে সংশোধিত জল নীতি ঘোষণা করেছে এবং রাজ্যগুলিও একটি স্বচ্ছ জলের নীতি নির্ধারণের জন্য নির্দেশিকা রেখেছে। দ্বিতীয় সেচ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্যের জন্য পৃথক জলনীতি প্রস্তুত করা হয়েছে যে জলনীতিটি রাজ্যের ভৌগলিক অবস্থার জন্য উপযুক্ত হতে হবে 30 জুলাই 2003 সালে সরকারি অনুবন্ধ নীতি (রেজোলিউশন) ঘোষিত করা হয়।

2003 সাল থেকে মহারাষ্ট্র সরকার রাজ্য জলনীতি গ্রহণ করেছে। এই জল নীতিটি নদীর জল ব্যবস্থাপনার জন্য গৃহীত হয়েছে। প্রকল্পটি ক্ষতিগ্রস্ত লোকদের প্রথমে পূনর্বাসন এবং তাদের সুবিধাগুলি দেওয়ার বিষয়ে অগ্রধিকার দেওয়া হয়েছে। মহারাষ্ট্র রাজ্যের জলনীতি দূরদৃষ্টি ও অন্তর্ভূক্তির এক নিখুঁত উদাহরণ। ক্রমবর্ধমান জনসংখ্যা এবং জলের ঘাটতি বিভিন্ন বিভাগে জল গ্রাহকদের মধ্যে তীব্র প্রতিস্পর্ধা তৈরি করেছে। সুতরাং তাদের মধ্যে দ্বন্দ্ব ও বিরোধ রোধে সরকার 2005 সালের আগষ্টে মহারাষ্ট্র জলসম্পদ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে। এ জাতীয় নিয়ন্ত্রক সংস্থা দেশে প্রথম সংগঠনাটি সমান বিতরণ এবং সেচের ব্যবস্থাপনার নিশ্চিন্ত ব্যবস্থাসহ সুষ্ঠু উপায় রাজ্যে উপলব্ধ জনসম্পদ পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ। রাজ্য সরকার আইন প্রণয়ন, সেচ প্রকল্পের জলের হিসাব এবং প্রকল্পগুলি চিহ্নিত করার পদক্ষেপ নিয়েছে। 1999 সাল থেকে, রাজ্য সরকার প্রতিবছর সেচ প্রকল্পগুলির স্থিতি প্রতিবেদন প্রকাশ শুরু করে। প্রকল্পগুলির নিয়মিত জল নিরীক্ষণের প্রতিবেদন অস্ট্রেলিয়ার পরে মহারাষ্ট্র রাজ্য প্রথম প্রকাশ করে।

### জলনীতির উদ্দেশ্য :

অ. উপলব্ধ জলসম্পত্তির ভূপৃষ্ঠীয় এবং ভূগর্ভস্থ জল সংহত বা একাত্মিক বহুউদ্দেশ্যে উন্নয়নের জন্য উপত্যকা এবং মহকুমা অনুযায়ী পরিকল্পনা এবং ব্যবস্থাপন করা। তারজন্য পাঁচটি প্রধান নদী উপত্যকা অনুযায়ী বিভক্ত করা হয়েছে।

আ. লঘুসেচ প্রকল্প এবং জলাবদ্ধতার ক্ষেত্র সেই সঙ্গে জলের সংস্থান অঞ্চলটিতে জলের সংস্থান পরিচালনাকে বা ব্যবস্থাপনার বিকেন্দ্রীকরণের মাধ্যমে স্থানীয় স্তরে অর্পণ করা। 101 থেকে 250 হেক্টর বেশী জমির সেচ ক্ষমতাসম্পন্ন লঘুসেচ প্রকল্পগুলি এবং জলাবদ্ধতার ক্ষেত্র উন্নয়নের জন্য স্থানীয় জলসংরক্ষণ বিভাগে হস্তান্তরিত করা হয়েছে।

ই. নদী উপত্যকা অনুযায়ী জলসম্পদের যথাযথ ব্যবহারের পাশাপাশি সর্বাঙ্গীণ সেচ উন্নয়নের জন্য 'জলসম্পত্তি বিকাস মহামণ্ডল' স্থাপন করা। এই মহামণ্ডলের কার্যপ্রণালী নিম্নরূপে।

1. নদী উপত্যকায় সংস্থার দায়িত্ব ও অধিকার নির্ধারণ করা।
2. জলসম্পদ এবং জলাবদ্ধতার ক্ষেত্রর পরিকল্পনা, বিকাস এবং পরিচালনা করা।
3. খরা ও জলের সংকটের সময়ে জল বিতরণের মানদণ্ড নির্ধারণ করা।
4. জল সঞ্চয় ও জল বিতরণের মতো ব্যবস্থা মৌলিক সুবিধা নির্মাণ (সরবরাহ) করা, যা জলের অপচয় রোধ করবে এবং এর যথাযথ ব্যবহার করবে।
5. নদীর সংহত (একত্মিক) উন্নয়ন পরিকল্পনা তৈরী করার সময় সকল প্রকারের উপভোক্তাদের (সেচযুক্ত ও সেচ-ছাড়া) অংশীদারি বৃদ্ধি করা, লোকপ্রতিনিধি এবং স্থানীয় স্তরে সামূহিক মতামত পরিবর্তন ব্যবস্থাপনাতে অংশগ্রহণ বৃদ্ধি করা।

6. জলের গুণাত্মক ব্যবস্থাপনা এবং বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জল ব্যবস্থা দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজের অন্তর্ভূক্ত করা।

## মহারাষ্ট্র জলসম্পত্তি (জলসম্পদ) নিয়ন্ত্রক কর্তৃপক্ষ অধিনিয়ম 2005

মহারাষ্ট্রের জলসম্পদ নিয়ন্ত্রক কর্তৃপক্ষ অধিনিয়ম 2005 এর অধীনে রাজ্যের জলসম্পত্তির বিনিয়োগ (জলসম্পদের বরাদ্দ), জলসম্পদের দক্ষ ন্যায্য ও টেকসই ব্যবস্থাপনা এবং ব্যবহারের জন্য বিধান করা হয়েছে। এই আইনে 7 টি মামলা রয়েছে এবং রাজ্যপালের নির্দেশ অনুসারে প্রলম্বিত কাজ নির্মুলনের জন্য বিশেষ বিধান করা হয়েছে। প্রলম্বিত কাজ সম্পর্কে, জলসম্পদ কতৃপক্ষকে রাজ্যের ক্ষতিগ্রস্ত জেলা ও বিভাগগুলির প্রলম্বিত কাজকর্মের জন্য দায়ী করা উচিত। প্রলম্বিত কাজের অঞ্চলগুলিতে প্রকল্পগুলি জারিপ করার, সেচের জমা কাজ দুর করার জন্য সময়মতো নতুন পরিকল্পনা ও নির্মাণের বিধান করা হয়েছে। 'মহারাষ্ট্র জলসম্পত্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ অধিনিয়ম 2005' এর বাস্তবায়ন করার জন্য আগস্ট, 2005 এ মহারাষ্ট্র জলসম্পদ নিয়ন্ত্রক কর্তৃপক্ষের স্থাপন করা হয়েছে।




### অনুশীলনী

1. ভারত ও বাংলাদেশের মধ্যে আন্তর্জাতিক সহযোগিতা চুক্তির বিবরণ লেখো।
2. জলসেচ সম্পর্কিত সরকারী নীতির কোন বিষয় অন্তর্ভুক্ত রয়েছে ?
3. মহারাষ্ট্রের জলনীতির উদ্দেশ্যগুলি লেখো।
4. জলসেচ বিভাগ কোন কোন উদ্দেশ্য বা নীতি অনুসারে কাজ করে ?
5. জলের আইন ও বিধি বিধান পালন প্রতিটি জাতির / রাষ্ট্রের জন্য গুরুত্বপূর্ণ, এ সম্পর্কে তোমার মতামত লেখো।

# বিভাগ (ঘটক)-4 : জলের গুণমান (গুণধর্ম)

## প্রকরণ 1 : জল পরিশোধন এবং বর্জ্যজল ব্যবস্থাপনা

**একটু মনে করো।**

1. জল শুদ্ধিকরণ করার সহজ ও সরল পদ্ধতিগুলি কী ?
2. বড় শহর বা গ্রামগুলির জন্য কিভাবে জল পরিশোধন প্রক্রিয়া করা হয় ?
3. জল শুদ্ধিকরণ এবং বর্জ্যজল ব্যবস্থাপনের মধ্যে পার্থক্য কী ?

**• জলের অস্বচ্ছতা বা আবিলতা :**

নদীতে জল প্রবাহিত হওয়ার সময় তাতে মাটি ও অন্যান্য দ্রবণীয় পদার্থ মিশে যায়। এই জাতীয় পদার্থের কনাগুলি জলে স্থগিত অবস্থায় থাকে। অতএব, জলের, স্বচ্ছতা, স্পষ্টতা, পারদর্শিতা, অর্থাৎ গুণমান হ্রাস (কম) হয়। একেই 'জলের অস্বচ্ছতা বা আবিলতা' বলে।



প্রবাহমান নদীর জল



নদীর অস্বচ্ছ জলের কিছু নমুনা

বৃষ্টির অস্বচ্ছ জল অপচয় হয় এটি একটি ভুল ধারণা, জল কিছু সময়ের জন্য স্থির হয়ে যাওয়ার পরে এর অস্বচ্ছতা হ্রাস হয় কিংবা জলে ফিটকারী মিশিয়ে দিলে এর ঘোলাটেভাব হ্রাস হয়। অতএব, অস্বচ্ছ জল ফেলে দেওয়া উচিত নয়। জলের অস্বচ্ছতা মাপার জন্য **'সেকচি চাকতি'** (secchi disc) এই প্রয়োগ করা হয়। এই প্রয়োগে একটি বৃত্তাকার চাকতি ব্যবহৃত হয়। চিত্রটিতে প্রদর্শিত অনুসারে সেকচি চাকতিটি (secchi disc) সাদা এবং কালো রঙে রঙানো থাকে।



সেকচি চাকতি

**প্রয়োগের স্তর / পর্যায় :**

1. প্রথমে একটি নৌকায় চড়ে পুকুর বা নদীর মাঝখানে যায়।
2. সেকচি চাকতি একটি দড়ির সাথে বেঁধে জলে ছেড়ে দেওয়া হয়।
3. যতক্ষণ না সাদা এবং কালো অংশগুলি অদৃশ্য হয়ে যায় ততক্ষণ ধীরে ধীরে চাকতিটি জলের নিচে ছেড়ে দেওয়া হয়। তারপর দড়ি স্থির রাখা হয়।
4. যখন সাদা এবং কালো অংশ অদৃশ্য হয়ে যায় তখন জলের পৃষ্ঠভাগের উপর দড়িটিতে আলপিন/ খিল বিদ্ধ করে চিহ্নটিকে 'অ' মনে করা হয়।
5. এখন দড়িটি ধীরে ধীরে উপরের দিকে টানা হয়। চাকতির সাদা অংশটি দেখা গেলে টানা বন্ধ করা হয় এবং জলের পৃষ্ঠের উপরে থাকা দড়িটিতে আলপিন/ খিল বিদ্ধ করে চিহ্নটিকে 'ব' মনে করা হয়।
6. মিটার পট্টি (মিটার স্কেল) ব্যবহার করে 'অ' এবং 'ব' এবং মধ্যের দৈর্ঘ্য মাপা হয়।

7. নিচের সমীকরণ ব্যবহার করে গড় দৈর্ঘ্য মাপা হয়।

$$\text{গড় দৈর্ঘ্য} = \frac{\text{অ} + \text{ব}}{2}$$

এই পদ্ধতি দ্বারা জলের মলিনতা / অস্বচ্ছতার মাত্রা মাপা যেতে পারে।

**সর্বদা এটি মনে রাখবে :**

জলের অস্বচ্ছতা নেফ্লোমিটারের সাহায্যে পরিমাপ করা হয়। জলের অস্বচ্ছতা NTU এককে পরিমাপ করা হয় এর অর্থ হলো। NTU = Nephelometric Turbidity Units

- **জল শুদ্ধিকরণের বিভিন্ন পর্যায় :**

1. জলের উৎস থেকে জলের উত্তোলন করা (Pumping)
2. জলে বায়ু মিশ্রিত করা। (Air mixing)
